Employees were being well trained to provide smart and efficient services to enhance the Brand Image further, where focus on customers, quality services to the customers and customers' right are prime concern. It was one of the major objectives of BDBL to make it different from others in respect of economic, commercial and social services.

## PERFORMANCE AND BUSINESS ACHIEVEMENT IN 2012

The Banking Business of BDBL encompassed mainly deposit, loans and advances, export, import, remittance, investment, non-funded facilities along with recovery of regular and Non-Performing Loans (NPLs).

## RECOVERY OF LOANS AND ADVANCES

For 2012, BDBL set a loan recovery target of TK. 258.29 crore from portfolio investment and TK. 52.31 crore from written-off projects. Against this, TK. 205.96 crore was recovered from portfolio investment, representing 80 percent of the target achieved. At the same time, TK. 69.60 crore was recovered from written-off loan, showing 133 percent of achievement of the target.

## CLASSIFIED AND WRITTEN-OFF LOANS

The large number of classified loans and written-off projects received from former BSB and BSRS was a huge burden on BDBL. Throughout 2012, the Board of Directors along with Bank's top Management maintained both pressure and vigilance for bringing down the level of classified loans and accelerating recovery from written-off projects through vigorous efforts. Unfortunately, such efforts did not yield the desired results, especially the percentage of classified loans (excluding staff loans) rose and turned into about 43 percent.

However, the Bank Management was endeavoring hard to minimize the existing classified loans by way of new injection of quality loans, cash recovery and regularization through rescheduling. The written-off loan which totaled to Tk. 2387.23 crore in December, 2010 was brought down to Tk. 1968.57 crore at the year-end of 2012 through recovery , registering about 18 percent reduction from the previous amount.

## CAPITAL MANAGEMENT PLAN & CAPITAL ADEQUACY RATIO

To cope with the international best practices and to make the Bank's capital more risk sensitive, Bangladesh Bank issued Basel-II guidelines for all scheduled banks on ''Risk Based Capital Adequacy (RBCA)'' to report their capital requirement which came fully into effect since January 01, 2010 with its subsequent supplements / revision replacing the previous rules under Basel-I.

As on December 31, 2012, the Bank's Capital Adequacy Ratio (Basel-II) stood at 27.26 percent (core capital 18.01 percent and supplementary capital 9.25 percent) as against 10 percent of total Risk Weighted Assets, which indicates Bank's strong capital base.

Comparative picture of Risk Weighted Assets, Minimum Capital Requirement and the Capital Adequacy Ratio and Capital Surplus of BDBL for 2011 and 2012 were mentioned below :

**(Tk. in crore)**

| Particulars | 2012 | 2011 |
|---|---|---|
| Total Risk Weighted Assets | 4069.37 | 3564.71 |
| Tier I | 733.05 | 656.85 |
| Tier II | 376.40 | 373.30 |
| Total Capital | 1109.45 | 1030.35 |
| Minimum Capital Requirement* | 406.94 | 400.00 |
| Tier I Capital Adequacy Ratio | 18.07% | 18.71% |
| Tier II Capital Adequacy Ratio | 9.28% | 10.47% |
| Capital Adequacy Ratio | 27.35% | 29.18% |
| Capital Surplus | 702.51 | 630.15 |

*MCR = 10% of RWA or Tk. 400.00 crore whichever is higher

## PROVISION FOR CLASSIFIED LOAN

In accordance with Bangladesh Bank's policy, classification of a loan is made on the basis of its quality, performance and risk involved in its recovery. A provision has to be made against this loan on a particular date for protecting the interest of shareholders and depositors. In 2012, the Bank had to make provisions for classified loan to the tune of Tk. 205.21 crore.

## FINANCIAL PERFORMANCE OF THE BANK IN 2012

In the midst of so many challenges and risks, the Bank directed its business activities. Despite the facts, the Bank earned operating profit Tk. 102.80 crore in 2012, which was Tk. 86.11 crore in 2011, indicating a rise of 19.38 percent over the previous year.

The targeted and actual financial performance of the Bank during 2012 was shown below in summarized form :

**(Tk. in crore)**

| Sl. No. | Particulars | Target December, 2012 | Actual December, 2012 | Target Achieved |
|---|---|---|---|---|
| 1. | Net Interest Income (NII) | 95.56 | 87.98 | 92% |
| 2. | Investment Income | 49.55 | 47.23 | 95% |
| 3. | Non Funded Income | 64.26 | 53.96 | 84% |
| 4. | Recovery of NPL in Cash | 40.32 | 13.29 | 33% |
| 5. | Total Operating Income | 273.97 | 189.17 | 69% |
| 6. | Total Operating Expenditure | 158.97 | 86.37 | 54% |
| 7. | Net Profit Before Tax (5-6) | 115.00 | 102.80 | 89% |
| 8. | Total Provision | 10.00 | - | - |
| 9. | Net Profit Before Tax and Provision | 105.00 | 102.80 | 98% |

Since the Profit After Tax (PAT) increased by 22 percent to Tk. 15.10 crore during 2012, some of the ratios ( including RoE and RoA ) changed accordingly. The major financial ratios during 2011 & 2012 were depicted below :

| Sl. No. | Particulars | Year 2012 | Year 2011 |
|---|---|---|---|
| 1. | Return on Equity | 6.54% | 4.61% |
| 2. | Return on Assets | 2.56% | 2.38% |
| 3. | Return on Investment | 14.62% | 12.82% |
| 4. | Cost to Income Ratio | 59.21% | 54.92% |
| 5. | Net Operating Income to Total Assets | 3.14% | 2.98% |
| 6. | Capital Adequacy Ratio | 27.26% | 28.90% |
| 7. | Earning Per Share (In Tk.) | 20.92 | 17.15 |

## APPROPRIATION OF PROFIT

During the year 2012, Net Profit After Tax ( PAT ) stood at Tk. 83.70 crore, which was appropriated in the following ways , leaving a retained surplus of Tk. 0.14 crore :

**(Tk. in crore)**

| Sl. No. | Particulars | Amount |
|---|---|---|
| 1. | Statutory Reserves | 20.56 |
| 2. | General Reserves | 55.50 |
| 3. | Building Fund | - |
| 4. | Dividend to the Government | 7.50 |
| 5. | Retained Surplus | 0.14 |
| | **Total** | **83.70** |

## CONTRIBUTION TO THE NATIONAL EXCHEQUER

Bangladesh Development Bank Ltd. pays income taxes regularly on its income. It also deducts income tax, value added tax and excise duty at source as per law for various payments and services. It deposits the same to the National Exchequer. BDBL pays tax on behalf of its employees. Total payments to the National Exchequer during 2011 and 2012 are shown below :

**(Tk. in crore)**

| Particulars | 2012 | 2011 |
|---|---|---|
| Payment of advance Income Tax | 20.27 | 15.06 |
| Employees income tax paid by the Bank | 0.68 | 0.81 |
| Tax deducted at source and deposited | 2.79 | 1.00 |
| VAT deducted at source and deposited | 1.10 | 1.51 |
| Excise duty deducted and deposited | 0.23 | 0.18 |
| **Total** | **25.07** | **18.56** |

## CONTRIBUTION TO THE NATIONAL ECONOMY

The Bank plays an important role in the development of urban and rural economy. At present, it has got 26 Branches across the country. The Bank operates many Branches in different districts to provide the banking services to the people, though operations of those Branches are not financially viable to the Bank. It also plays an important role in reducing unemployment problem by way of participating in different employment generation activities. At the end of 2012, the total number of employees of BDBL stood at 857 of which 603 were officers and 254 were staff members. Since its beginning, the Bank has been highly active in providing industrial loan as well loan for commercial banking business operations to accelerate industrial development of the country. The Bank also created employment generation opportunities by providing loans to different industrial ventures along with production of goods and services in the country.

## DIVIDEND DECLARATION

In light of the proposed appropriation of profit for the year 2012, the Bank's Board of Directors have been pleased to recommend Tk. 7.50 crore as cash dividend (1.88 percent of paid up capital) to be paid to the Government in a consistent manner as before subject to the approval in the forthcoming 3rd Annual General Meeting of the Shareholders.

## APPOINTMENT OF AUDITORS

In terms of Article 157 of the Articles of Association, the Company at each Annual General Meeting shall appoint an Auditor or Auditors who will be responsible as Auditors until the next Annual General Meeting. The existing Auditors ACNABIN and HODA VASI CHOWDHURY & CO., Chartered Accountants completed audit of Accounts for 2012 as third year of their audit and as per Bangladesh Bank's BRPD circular no. 12, dated July 11, 2001, they are not eligible for re-appointment. Some other firms have expressed their willingness to be appointed as auditors for the year 2013. The auditors will be appointed and their remuneration be fixed for the year 2013 in this Annual General Meeting.

## OUTLOOK 2013

Considering the macro economic and global economic scenario, ongoing liquidity pressure and rising interest rate in the market along with monetary policy stance, the Bank in 2013 will continue to strengthen its growth and brand image by expanding business activities, particularly in the area of SME and agro-based industries, trade finance, import and export business, foreign remittance and retail banking.

Keeping in view the Bank's Goals, targeted growth in the Annual Budget has been determined for deposit, loans and advances specially loan for SMEs and Green Banking , import-export business including other activities.

The targeted growth will be supported by introduction of a number of new products and services particularly in SME, retail banking, import-export business along with expansion of new Branches and up gradation of IT and online banking system to provide quality and faster services to the customers. Human resource will also be strengthened to improve operational efficiency and productivity.

In order to support sustainable long-term growth and profitability and for the benefit of all stakeholders, the Bank will continue to adhere to good corporate governance practices, sound risk management policies and prudent credit policies and practices. The Bank looks forward to greater success in enhancing shareholders' value in 2013.

## ACKNOWLEDGEMENT

The Board extends thanks to the valued customers, entrepreneurs, and others for their continued support and co-operation. The Board also places on record its appreciation for the senior management team including all officers and staff for their dedicated and committed services.

In particular, the Board offers grateful thanks for the guidance and generous co-operation received from the Government of Bangladesh and Bangladesh Bank.

The Securities and Exchange Commission, Registrar of the Joint Stock Companies and Firms, Dhaka Stock Exchange Limited and Chittagong Stock Exchange Limited deserve our gratitude for their valuable support, co-operation and assistance for enabling the Bank to undertake new measures and initiatives since its inception. The Board also expresses its deep appreciations to ACNABIN and HODA VASI CHOWDHURY & CO., the Auditors of the Bank, for completion of audit in time. Finally, the Board thanks the respected Shareholders who at present are all government representatives and assure them of its commitment to add to the Shareholders' wealth and to develop the Bank as a service-oriented and environment-friendly modern, dynamic and forward-looking financial institution in which they have placed their trust and confidence.

On behalf of the Board of Directors



**Prof. Santi Narayan Ghosh**
Chairman
Board of Directors

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিডিবিএল - এর তৃতীয় বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে সম্মানিত শেয়ারহোল্ডার এবং প্রতিনিধিগণকে আন্তরিকভাবে স্বাগত জানাই। উল্লেখ্য যে, ২০০৯ সালের ডিসেম্বরে সরকারের সাথে দুটি "ভেন্ডরস্ এগ্রিমেন্ট " স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ শিল্প ব্যাংক এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা বিধিবদ্ধ প্রতিষ্ঠান দুটির সকল সম্পত্তি, যাবতীয় সুবিধাদি, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, বিশেষাধিকার, দায়, জনবল, ঋণগ্রহীতা এবং অন্যান্য যাবতীয় আইনী বাধ্যবাধকতাসহ সকল কর্মভার এবং ব্যবসা অধিগ্রহণপূর্বক পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে একই কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য বিডিবিএল প্রতিষ্ঠিত হয়। পাশাপাশি এটি সংঘ স্মারক এবং সংঘ বিধি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমোদন লাভ করে।

ব্যাংকটির ২০১২ সালের পরিচালন কার্যক্রম এবং আর্থিক অগ্রগতি উপস্থাপনের পূর্বে উক্ত বৎসরের বিশ্বব্যাপী অর্থনৈতিক অবস্থার সাথে বাংলাদেশ অর্থনীতিরও সংক্ষিপ্ত আলোচনা করা প্রয়োজন। প্রথম বছরে ব্যাংক পরিচালনায় বিডিবিএল যে সব প্রাথমিক সমস্যা এবং চ্যালেঞ্জের সম্মুখীন হয়, সে সকল বিষয়ও এখানে আলোচনা করা প্রাসঙ্গিক।

### বিশ্ব অর্থনৈতিক দৃশ্যপট

২০১২ সালে বিশ্ব অর্থনীতিতে ৩.৩ শতাংশ প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়, যা ২০১১ সালের হতাশাজনক প্রবৃদ্ধি ৩.৮ শতাংশের তুলনায়ও কম। এই সংকটজনক অবস্থার মূল কারণ হচ্ছে উন্নত বিশ্ব যথা - যুক্তরাষ্ট্র, জার্মানি, ফ্রান্স, ইতালি, স্পেন, যুক্তরাজ্য, জাপান, কানাডা কর্তৃক গৃহীত নীতিমালা মধ্যমেয়াদি সম্ভাবনাকে ধরে রাখতে পর্যাপ্ত বিশ্বাসযোগ্যতা পুনরুদ্ধারে ব্যর্থ হয়েছে। ইউরো অঞ্চলের সার্বভৌম ঋণ সংকটের ভয়াবহতা গভীর মন্দাভাব সৃষ্টি করেছে, উচ্চ বেকারত্বের ফলে উন্নয়নের গতি হ্রাস পেয়েছে এবং কঠোর রাজস্ব ব্যবস্থাপনা সমষ্টিগত চাহিদাকে দুর্বল করেছে। জনগণের ঋণের বোঝা এবং অর্থনৈতিক খাতে ভঙ্গুরতা সৃষ্টি করেছে। উন্নত দেশগুলোর অর্থনীতির নিম্নমুখীতা এবং তাদের অভ্যন্তরীণ অর্থনৈতিক সংকট উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতির প্রবৃদ্ধির গতি হ্রাস করেছে। ২০১২ সালে তাদের প্রবৃদ্ধির হার কমে হয়েছে ৫.৩ শতাংশ যা ২০১১ সালে ছিল ৬.২ শতাংশ।

উন্নত অর্থনীতির দেশগুলোতে ভোক্তামূল্য ২০১১ সালের ২.৭ শতাংশ থেকে ২০১২ সালে ১.৯ শতাংশে হ্রাস পেয়েছে। যুক্তরাষ্ট্রে শ্রম বাজার ক্রমান্বয়ে উন্নত হয়েছে এবং মজুরী কমেছে। ফলতঃ ভোক্তা মূল্য সূচীর মূল্যস্ফীতির হার ২০১২ সালে কমে ২ শতাংশ হয়েছে যা ২০১১ সালে ৩.১ শতাংশ হারে বিদ্যমান ছিল।

একইভাবে, ইউরো অঞ্চলে মজুরী স্থিতিশীল থাকায় ২০১২ সালে মূল্যস্ফীতি হ্রাস পেয়ে দাঁড়ায় ২.৩ শতাংশ যা ২০১১ সালে ছিল ২.৭ শতাংশ। উদীয়মান এবং উন্নয়নশীল অর্থনীতির মূল্যস্ফীতির হার ২০১১ সালে ৭.২ শতাংশ থেকে ২০১২ সালে ৬.১ শতাংশে হ্রাস পেয়েছে।

## বিশ্ববাণিজ্যের পরিমাণ

২০১২ সালে বিশ্ববাণিজ্যের প্রবৃদ্ধির (পণ্য ও সেবা) হার ২০১১ সালের ৫.৮ শতাংশ থেকে হ্রাস পেয়ে ৩.২ শতাংশে দাঁড়ায়। উন্নত অর্থনীতি, উদীয়মান এবং উন্নয়নশীল অর্থনীতি উভয়েরই রপ্তানি প্রবৃদ্ধির হার ২০১২ সালে কমে যথাক্রমে ২.২ এবং ৪ শতাংশে দাঁড়ায়, যা ২০১১ সালে যথাক্রমে ছিল ৫.৩ এবং ৬.৫ শতাংশ। একইভাবে, উন্নত অর্থনীতি, উদীয়মান এবং উন্নয়নশীল অর্থনীতির আমদানি প্রবৃদ্ধির হারও ২০১২ সালে যথাক্রমে ১.৭ এবং ৭ শতাংশে হ্রাস পায়। ২০১১ সালে এই প্রবৃদ্ধির হার ছিল যথাক্রমে ৪.৪ এবং ৮.৮ শতাংশ।

## ২০১৩ সালে বিশ্ব অর্থনীতির সম্ভাব্য প্রবৃদ্ধি

ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক, অক্টোবর , ২০১২ - এর মতে, বিশ্ব অর্থনীতি ২০১০ সালের গড়পড়তা ৫.১ শতাংশ থেকে ২০১৩ সালে হ্রাস পেয়ে ৩.৬ শতাংশে দাঁড়াবে । কিন্তু ২০১২ সালের ৩.৩ শতাংশ থেকে কিছুটা বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে। এটি আরো আভাস দেয় যে, বৈশ্বিক মন্দা থেকে পুনরুদ্ধার সব দেশে একই ধরণের হবে না। উন্নত দেশসমূহের জিডিপি'র প্রবৃদ্ধি অগ্রসরমান দেশগুলোর জিডিপি'র বৃদ্ধি ৫.৬ শতাংশের বিপরীতে ১.৫ শতাংশ হবে বলে ধারণা করা হচ্ছে। উন্নত দেশগুলোর মূল ঝুঁকি হলো মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম ও রিয়েল এস্টেট বাজারে অব্যাহত দুর্বলতা ও ইউরো অঞ্চলের কিছু দেশে সার্বভৌম ঋণের চাপ। অগ্রসরমান ও উন্নয়নশীল দেশগুলোতে অস্থিরতা এবং সম্ভাব্য মূল্যস্ফীতির আশঙ্কা রয়েছে।

## ২০১২ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতির পর্যালোচনা

বিশ্ব অর্থনৈতিক মন্দা এবং চ্যালেঞ্জিং অভ্যন্তরীণ অর্থনৈতিক অবস্থার মধ্যেও বাংলাদেশের অর্থনীতি ২০১২ অর্থবছরে ৬.৩ শতাংশ হারে প্রশংসনীয় প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয় যদিও তা প্রাক্কলিত ৭ শতাংশ প্রবৃদ্ধির তুলনায় কম। শিল্প খাতে ৯.৫ শতাংশ হারে উচ্চ প্রবৃদ্ধি, সেবা খাতে ৬.১ শতাংশ হারে অব্যাহত প্রবৃদ্ধি একই সাথে কৃষি খাতে ২.৫ শতাংশ পরিমিত প্রবৃদ্ধি ২০১২ সালের প্রকৃত দেশজ অর্থনীতিকে স্থিতিশীল রাখতে সহায়তা করেছে। সরকার এবং বাংলাদেশ ব্যাংক অর্থনৈতিক স্থিতিশীলতা ও উচ্চ প্রবৃদ্ধি অর্জনের জন্য বিভিন্ন নীতি-পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখে।

## খাতভিত্তিক প্রবৃদ্ধির গতিধারা

### কৃষি খাত

২০১২ অর্থবছরে জিডিপি'তে কৃষি খাতের অবদান ২০১১ অর্থবছরের ২০ শতাংশ থেকে হ্রাস পেয়ে ১৯.৩ শতাংশে দাঁড়ায়। ২০১২ অর্থবছরে কৃষি এবং বনায়ন উপ-খাতসমূহে প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্য হারে কমে গিয়ে দাঁড়িয়েছে ১.৭ শতাংশে যা ২০১১ অর্থবছরে ছিল ৫.১ শতাংশ। অন্যদিকে, মৎস্য উপখাতে প্রবৃদ্ধির হার ২০১১ অর্থবছরের ৫.৩ শতাংশ থেকে সামান্য বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ৫.৪ শতাংশে দাঁড়িয়েছে।

এর ফলে, ২০১২ অর্থবছরে কৃষি খাতে প্রবৃদ্ধির হার হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ২.৫ শতাংশে যা ২০১১ অর্থবছরে ছিল ৫.১ শতাংশ। জ্বালানী এবং সারের মূল্য বৃদ্ধিজনিত কারণে উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় পরিস্থিতি আরো খারাপ হয়েছে।

শিল্প খাত

খনিজ ও পাথর আহরণ এবং উৎপাদন, নির্মাণ ও বিদ্যুৎ, গ্যাস এবং পানি সরবরাহকরণ উপ-খাতসমূহের সমন্বয়ে গঠিত শিল্প খাতে ২০১২ অর্থবছরে আকর্ষণীয় প্রবৃদ্ধি অর্জিত হয়েছে, যার হার ছিল ৯.৫ শতাংশ। ২০১১ অর্থবছরে এ প্রবৃদ্ধির হার ছিল ৮.২ শতাংশ। জিডিপি'তে এ খাতের অবদান ৩১.৩ শতাংশ। ক্ষুদ্র শিল্প খাতে দ্রুত প্রবৃদ্ধি শিল্প খাতে এই উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা রেখেছে, যা ২০১১ অর্থবছরের ৫.৮ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ৭.২ শতাংশে উন্নীত হয়েছে। ২০১২ অর্থবছরে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক বাস্তবায়িত এস এম ই খাতে প্রদত্ত রাজস্ব প্রনোদনা এবং একই সাথে ইক্যুইটি এন্ড অনট্রাপ্র্যানারশিপ ফান্ডের আওতায় ঋণ সহায়তা ক্ষুদ্র শিল্পের প্রবৃদ্ধি বাড়াতে সহায়ক হয়েছে। ম্যানুফ্যাকচারিং উপ-খাতে ক্ষুদ্র শিল্প উপ-খাতের অবদান ২৮ শতাংশ। এই উপ-খাতের উৎপাদন মূলতঃ দেশীয় কাঁচামালের উপর নির্ভরশীল, যা সাধারণত বহিঃস্থ ঝুঁকি থেকে মুক্ত ছিল।

যা হোক, বৃহৎ এবং মাঝারি শিল্প খাতের প্রবৃদ্ধি ২০১১ অর্থবছরের ১০.৯৪ শতাংশ থেকে সামান্য হ্রাস পেয়ে ২০১২ অর্থবছরে ১০.৮ শতাংশে দাঁড়ায়। রপ্তানি প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে হ্রাসের কারণে এই উপ-খাতে প্রবৃদ্ধির হার নিম্নগামী হয়েছে।

সেবা খাত

২০১২ অর্থবছরের জিডিপি'তে সেবা খাত, যা অর্থনীতির সর্ববৃহৎ খাত- এর অবদান প্রায় ৫০ শতাংশ। ২০১২ অর্থবছরে সেবা খাতে ৬ শতাংশ হারে প্রবৃদ্ধি হয়েছে, ২০১১ অর্থবছরে এর হার ছিল ৬.২ শতাংশ । পাইকারী এবং খুচরা বাণিজ্য, অর্থনৈতিক মধ্যস্থতা, শিক্ষা ও স্বাস্থ্য এবং সামাজিক উপ-খাতসমূহে প্রবৃদ্ধির হার সামান্য কমার সাথে সাথে লোক প্রশাসন এবং নিরাপত্তা উপ-খাতে প্রবৃদ্ধির হার ব্যাপক হারে কমে গেছে। অন্যদিকে, ২০১২ অর্থবছরে পরিবহণ, গুদামজাতকরণ ও যানবাহন, আবাসন, ভাড়া ও ব্যবসায়িক কার্যক্রম এবং আঞ্চলিক, সামাজিক ও ব্যক্তিগত উপ-খাতসমূহে প্রবৃদ্ধির হার ২০১১ অর্থবছরের তুলনায় বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে।

রাজস্ব উন্নয়ন

ব্যয়

২০১১ অর্থবছরের মোট ব্যয় ১৬.৩ শতাংশের তুলনায় ২০১২ অর্থবছরে জিডিপি'র শতাংশ হিসেবে ১৭.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১২ অর্থবছরে চলতি এবং এডিপি উভয় ব্যয়ই জিডিপি'র শতাংশ হিসেবে ২০১১ অর্থবছরের তুলনায় যথাক্রমে ১০ এবং ৪.৫ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। ২০১১ অর্থবছরে মোট ব্যয় ১২৮২.৭ বিলিয়ন টাকা থেকে ২৫.৭ শতাংশ হারে বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ১৬১২.০০ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে।

## রাজস্ব প্রাপ্তি

২০১২ অর্থবছরে মোট রাজস্ব প্রাপ্তির পরিমাণ ১,১৪৮.৯ বিলিয়ন টাকা, যা ২০১১ অর্থবছরের প্রকৃত রাজস্ব প্রাপ্তির তুলনায় ২৩.৬ শতাংশ কম। মোট রাজস্ব প্রাপ্তির মধ্য থেকে কর রাজস্ব থেকে সংগৃহীত ৮৩.৮ শতাংশ রাজস্ব আয় ২১ শতাংশ হারে ধীর গতিতে বৃদ্ধি পায়, যা ২০১১ অর্থবছরে ছিল ২৭.৩ শতাংশ। পূর্ববর্তী বছরের ০.২ শতাংশের তুলনায় ২০১২ অর্থবছরে কর বহির্ভূত রাজস্ব আয় প্রবৃদ্ধির হার ৩৮.৪ শতাংশ বৃদ্ধি পায়। ২০১১ অর্থবছরের ১১.১৮ শতাংশের তুলনায় ২০১২ অর্থবছরে জিডিপি'র শতকরা অংশ হিসেবে মোট রাজস্ব প্রাপ্তি ১২.৬ শতাংশ বৃদ্ধি পায়।

## অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক

### সঞ্চয়

জিডিপি'র শতাংশ হিসেবে মোট অভ্যন্তরীণ সঞ্চয় ২০১১ অর্থবছরের ১৯.৩ শতাংশের তুলনায় ২০১২ অর্থবছরে সামান্য বৃদ্ধি পেয়ে ১৯.৪ শতাংশে উন্নীত হয়েছে। এই সময়ে মোট অভ্যন্তরীণ সঞ্চয় ১৫.৩ শতাংশ হারে বৃদ্ধি পায়। মোট সঞ্চয়ে বেসরকারী সঞ্চয়ের অংশ জিডিপি'র শতকরা হিসেবে ২০১১ অর্থবছরের শতকরা ১৭.৯০ হার থেকে ২০১২ অর্থবছরে শতকরা ১৮ হারে বৃদ্ধি পায় এবং ২০১২ অর্থবছরে সরকারী খাতের সঞ্চয় শতকরা ১.৪-এ অপরিবর্তিত থাকে। জিডিপি'র শতাংশ হিসেবে মোট জাতীয় সঞ্চয় ২০১১ অর্থবছরের শতকরা ২৮.৮ হার থেকে ২০১২ অর্থবছরে শতকরা ২৯.৪ হারে বৃদ্ধি পায়, যা নেট ফ্যাক্টর আয়ের উর্ধ্বমুখী অন্তঃপ্রবাহের ফলে বৃদ্ধি পেয়েছে। ২০১২ অর্থবছরে নেট ফ্যাক্টর আয় ২৪ শতাংশ হারে বৃদ্ধি পায়।

### বিনিয়োগ

জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ ২০১১ অর্থবছরের ২৫.২ শতাংশ থেকে ২০১২ অর্থবছরে সামান্য বৃদ্ধি পেয়ে ২৫.৫ শতাংশে উন্নীত হয়। এ সময়ে অর্থাৎ ২০১২ অর্থবছরে বেসরকারী বিনিয়োগ ২০১১ অর্থবছরের ১৯.৫ শতাংশ থেকে সামান্য হ্রাস পেয়ে ১৯.১ শতাংশে দাঁড়ায়। অন্যদিকে, সরকারী বিনিয়োগ ২০১১ অর্থবছরের ৫.৬ শতাংশ থেকে ২০১২ অর্থবছরে ৬.৩ শতাংশে বৃদ্ধি পায়। ২০১১ অর্থবছরের তুলনায় ২০১২ অর্থবছরে জিডিপি'তে সরকারী বিনিয়োগের বর্ধমান অংশ মূলত এডিপি'র অপেক্ষাকৃত উচ্চ ব্যয় থেকে এসেছে। ২০১২ অর্থবছরে জিডিপি'র শতকরা হারে দেশীয় সঞ্চয় বিনিয়োগ ব্যবধান ২০১১ অর্থবছরের ৫.৯ শতাংশের তুলনায় ৬.১ শতাংশে বৃদ্ধি পেয়েছে। এ ব্যবধান মূলত বৈদেশিক সূত্রে অর্জিত নীট ফ্যাক্টর আয় থেকে মেটানো হয়।

বৈদেশিক খাত

দেশীয় এবং বৈদেশিক মূল্যস্ফীতির চাপ সত্ত্বেও, উর্ধ্বমুখী চলতি হিসাবের উদ্বৃত্তের জন্য ২০১১ অর্থবছরের তুলনায় ২০১২ অর্থবছরে বৈদেশিক খাতে সামগ্রিক কার্যক্রমের কিছুটা অগ্রগতি হয়েছে। ২০১১ অর্থবছরের রপ্তানি আয় ২২৫৯২.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে ২০১২ অর্থবছরে ২৩৯৯২.০০ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পায়। অপর দিকে, ২০১১ অর্থবছরের আমদানী ব্যয় ৩০৩৩৬.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ৩১৯৮৭.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। রেমিট্যান্স প্রবাহ ২০১১ অর্থবছরের ৯৬২৫.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে ২০১২ অর্থবছরে ১২৮৪৩.০০ মিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধি পেয়েছে। এর ফলে, ২০১১ অর্থবছরের চলতি হিসাব খাতে উদ্বৃত্ত ৮৮৫.০০ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় ২০১২ অর্থবছরে বৃদ্ধি পায় ১৬৩০.০০ মিলিয়ন মার্কিন ডলার।

বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ এবং পোর্টফোলিও বিনিয়োগ প্রবাহ বৃদ্ধির ফলে ২০১১ অর্থবছরের ১২৭৮.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে ২০১২ অর্থবছরে মূলধন ও আর্থিক হিসাব ঘাটতি হ্রাস পেয়ে ৪৮৬.০০ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এ সময়ে, মূলধন হিসাব উদ্বৃত্ত ৬৪২.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে হ্রাস পেয়ে ৪৬৯.০০ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। ২০১১ অর্থবছরের ৬৫৬.০০ মিলিয়ন মার্কিন ডলার ঘাটতির তুলনায় ২০১২ অর্থবছরে সার্বিক লেনদেন ভারসাম্যে ৪৯৪.০০ মিলিয়ন উদ্বৃত্ত পরিলক্ষিত হয়।

রপ্তানি

জিডিপি'র শতকরা হার হিসেবে রপ্তানি আয় ২০১১ অর্থবছরের ২০.২ শতাংশ থেকে সামান্য বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ২০.৮ শতাংশে উন্নীত হয়েছে। রপ্তানি আয় ২০১১ অর্থবছরের ২২৫৯২.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ২৩৯৯২.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। রপ্তানি আধারের মধ্যে তৈরী পোশাক, চামড়া, চা এবং অন্যান্য রপ্তানিযোগ্য পণ্যে ইতিবাচক প্রবৃদ্ধি হয়েছে। অন্যান্য রপ্তানিযোগ্য পণ্য যেমন- সার, কাঁচাপাট, টেরি টাওয়েল, পাটজাত দ্রব্য এবং হিমায়িত খাদ্যের রপ্তানিতে নেতিবাচক প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। রপ্তানিযোগ্য তৈরি পোশাকের মধ্যে ওভেন গার্মেন্টস - এর প্রবৃদ্ধির হার ১৩.৯ শতাংশ। অন্যদিকে, নীটওয়্যার - এর প্রবৃদ্ধির হার মাত্র ০.০৫ শতাংশ, যা খুবই যৎসামান্য। রপ্তানি আয় ২০১২ অর্থবছরের ২৩৯৯২.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর, ২০১২ সালে ২৪৬৬.২০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়।

আমদানি

আমদানি ব্যয় জিডিপি'র শতকরা হার হিসেবে ২০১১ অর্থবছরের ২৭.১ শতাংশ থেকে সামান্য বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ২৭.৭ শতাংশে উন্নীত হয়েছে। রপ্তানি আয় ২০১১ অর্থবছরের ৩০৩৩৬.০০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ২০১২ অর্থবছরে ৩১৯৮৭.০০ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। ২০১২ অর্থবছরে খাদ্যশস্য আমদানির পরিমাণ ৫২.৯ শতাংশ হ্রাসের ফলে মোট আমদানি ব্যয়ের নিম্নগতির প্রবৃদ্ধি হয়েছে, যদিও অন্যান্য খাদ্যপণ্য, ভোক্তা ও মধ্যবর্তী পণ্য, মূলধনী যন্ত্রপাতি এবং অন্যান্য পণ্যের ইতিবাচক প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়েছে, যার হার ছিল যথাক্রমে ৪৯.৭, ৬.৬ এবং ৫.৭ শতাংশ। ডিসেম্বর, ২০১২ সালের মোট রপ্তানি ব্যয় দাঁড়িয়েছে ২৫৮৮.০০ মিলিয়ন মার্কিন ডলার।

প্রবাসী রেমিট্যান্স

বিশ্ব অর্থনীতির ধীরগতি সত্ত্বেও ২০১২ অর্থবছরে রেমিট্যান্স প্রবাহের গতি দৃঢ় থাকে যা অবিরামভাবে চলতি খাতের ভারসাম্য শক্তিশালীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ২০১২ অর্থবছরে রেমিট্যান্স প্রবাহ ২০১১ অর্থবছরের ১১৬৫০.৩ মিলিয়ন মার্কিন ডলার থেকে ১০.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ১২৮৪৩.৪ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক দেশীয় এবং বৈদেশিক মুদ্রা বিনিয়োগ হাউসগুলোর মধ্যে ড্রইং এ্যারেঞ্জমেন্ট অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ এই প্রবৃদ্ধি অর্জনের অন্যতম প্রধান কারণ। ডিসেম্বর, ২০১২ সালে প্রবাসী রেমিট্যান্স - এর পরিমাণ দাঁড়িয়েছে ১২৮৭.৩১ মিলিয়ন মার্কিন ডলার।

বৈদেশিক সহায়তা

খাদ্য, পণ্য এবং প্রকল্প সহায়তা নিয়ে মোট অফিসিয়াল বৈদেশিক সহায়তা গঠিত। ২০১২ অর্থবছরে বৈদেশিক সহায়তা বিতরণের হার ১৪.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০৩৩.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়, ২০১১ অর্থবছরে যার পরিমাণ ছিল ১৭৭৭.০০ মিলিয়ন মার্কিন ডলার। ২০১২ অর্থবছরে খাদ্য সহায়তা বিতরণ বেড়ে ৬৯.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়, যা ২০১১ অর্থবছরে ছিল ৫৫.০০ মিলিয়ন মার্কিন ডলার। ২০১২ অর্থবছরে প্রকল্প সহায়তা বিতরণ ২০১১ অর্থবছরের ১৭২২.০০ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় বৃদ্ধি পেয়ে ১৯৬৪.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। পূর্ববর্তী অর্থবছরের ন্যায় ২০১২ অর্থবছরেও কোন পণ্য সহায়তা পাওয়া যায়নি। ডিসেম্বর, ২০১২ সালে খাদ্য এবং প্রকল্প সহায়তা খাতে মোট বৈদেশিক সহায়তার পরিমাণ দাঁড়িয়েছে ৪৮২.৪৬ মিলিয়ন মার্কিন ডলার।

বৈদেশিক লেনদেন ভারসাম্য

২০১২ অর্থবছরে রপ্তানি আয় প্রবৃদ্ধির হার ছিল ৬.২ শতাংশ এবং ধীরগতির প্রবৃদ্ধির ফলে আমদানি ব্যয়ের হার দাঁড়ায় ৫.৪ শতাংশ। ২০১২ অর্থবছরে প্রবাসী রেমিট্যান্স প্রবৃদ্ধির হার ছিল ১০.২ শতাংশ। এর ফলে, ২০১১ অর্থবছরের ৮৮৫.০০ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় ২০১২ অর্থবছরে চলতি হিসাব উদ্বৃত্তের পরিমাণ দাঁড়ায় ১৬৩০.০০ মিলিয়ন মার্কিন ডলার। ২০১২ অর্থবছরে সামগ্রিক লেনদেন ভারসাম্য ৪৯৪.০০ মিলিয়ন মার্কিন ডলার উদ্বৃত্তে পরিণত হয়, যা জুন, ২০১২ অর্থবছর শেষে বাংলাদেশ ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা রিজার্ভ অবস্থাকে ১০.৩৬ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করে। বৈশ্বিক আর্থিক বিশৃঙ্খলা এবং দেশীয় বিদ্যুৎ ও শক্তি স্বল্পতা সত্ত্বেও প্রাথমিক হিসাব অনুক্রমে ২০১১ অর্থবছরের ৭৭৫.০০ মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় ২০১২ অর্থবছরে সরাসরি বৈদেশিক বিনিয়োগ ২৮.৪৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯৯৫.০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে।

## মুদ্রানীতি ভঙ্গী

মুদ্রানীতির মূল লক্ষ্য হচ্ছে মূল্যস্ফীতি রোধ এবং প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। এ লক্ষ্যে, ২০১২ অর্থবছরের জানুয়ারি এবং জুলাই - এর দুই বিরতিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মুদ্রানীতি ঘোষণা করা হয়; যখন একদিকে মন্দা থেকে বৈশ্বিক উত্তোরণ উন্মোচিত হয়েছে, অন্যদিকে ইউরো এরিয়াতে নতুন ঋণসংকটের চাপ ও দেশীয় অর্থনীতিতে ক্রমবর্ধমান মূল্যস্ফীতির চ্যালেঞ্জ এবং বৈদেশিক মুদ্রা লেনদেন ভারসাম্যের চাপ বহমান ছিল। এ সকল চ্যালেঞ্জ মোকবেলার লক্ষ্যে সাম্প্রতিককালে গৃহীত মুদ্রানীতির তুলনায় বাংলাদেশ ব্যাংকের বর্তমান মুদ্রানীতি ছিল অধিক সংকোচনমূলক। যা হোক, অতি সংকোচনমূলক মুদ্রানীতি ভঙ্গি, পর্যাপ্ত দেশীয় খাদ্যশস্য সরবরাহ এবং পরবর্তীতে সহনীয় আন্তর্জাতিক পণ্যমূল্য মাসওয়ারী মূল্যস্ফীতিকে একক অংকে হ্রাসকরণে অগ্রণী ভূমিকা রেখেছে। অন্যদিকে, এ কর্মসূচীর আওতায় ১৬ শতাংশ লক্ষ্যমাত্রার বিপরীতে বেসরকারী খাতে ঋণ প্রবৃদ্ধির হার কাঙ্খিত ১৯.৭ শতাংশে অর্জিত হয়েছে। সরকারী খাত থেকে সরকারের ঋণ গ্রহণ হ্রাসের ফলে মূলতঃ ২০১২ অর্থবছরে এ খাতে ঋণ প্রবৃদ্ধির হার কাঙ্খিত লক্ষ্যমাত্রার নিচে ছিল।

যা হোক, বেসরকারী খাতের ঋণ বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, মোট ঋণে শিল্প মেয়াদী ঋণের অংশ অপরিবর্তিত অবস্থায় রয়েছে এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অংশ বৃদ্ধি পেয়েছে, যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ।

## মূল্যস্ফীতি হার

জুন, ২০১২ অর্থবছরে বাৎসরিক ভোক্তা মূল্যসূচক মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রা ৭.৫ শতাংশের তুলনায় উচ্চহারে বৃদ্ধি পেয়ে ১০.৬ শতাংশে দাঁড়িয়েছে। এ মূল্যস্ফীতি জুন, ২০১১ সালের ৮.৮ শতাংশের তুলনায়ও অনেক বেশি। বিশ্ববাজারে অবিরামভাবে খাদ্য, জ্বালানি এবং সারসহ তিনটি "এফ"-এর পণ্যমূল্য বৃদ্ধি, লক্ষ্যমাত্রার তুলনায় অর্থ সরবরাহের উচ্চ প্রবৃদ্ধি, টাকার অবমূল্যায়ন এবং এনার্জী ও পেট্রোলিয়ামের আন্তর্জাতিক উচ্চমূল্যের সাথে দেশীয় বাজারে মূল্য সমন্বয়ের কারণে মূল্যস্ফীতির এ উর্ধ্বহার ত্বরান্বিত হয়েছে।

অন্যদিকে, ১২ (বার) মাসওয়ারী পয়েন্ট-টু-পয়েন্ট ভিত্তিতে ভোক্তা মূল্যসূচক মূল্যস্ফীতি ২০১১ সালের জুন মাসের ১০.২ শতাংশ থেকে হ্রাস পেয়ে জুন, ২০১২ সালে ৮.৬ শতাংশে দাঁড়ায়। মূল্যস্ফীতির এ হার মূলত খাদ্য এবং খাদ্য বহির্ভূত পণ্যের মূল্যহ্রাসের ফলে কমেছে। শহরাঞ্চলে খাদ্য মূল্যস্ফীতি ছিল প্রকট। অন্যদিকে, গ্রামাঞ্চলে খাদ্য বহির্ভূত পণ্যের মূল্যস্ফীতি ছিল অধিক লক্ষ্যণীয়। ডিসেম্বর, ২০১২ সালে ১২ (বার) মাসের গড় মূল্যস্ফীতি পুনরায় সামান্য বৃদ্ধি পেয়ে ৮.৭৪ শতাংশে উন্নীত হয়।

## বিনিময় হার

২০১২ অর্থবছরে মার্কিন ডলারের বিপরীতে টাকার বিনিময় হার অবমূল্যায়ন করা হয়। ২০১২ অর্থবছরে রপ্তানির নিম্ন প্রবৃদ্ধি এবং প্রবাসী রেমিট্যান্স এর উচ্চ প্রবৃদ্ধির ফলে ২০১২ অর্থবছরের পুরো সময়ই মার্কিন ডলারের বিপরীতে ১০ শতাংশ হারে টাকার অবমূল্যায়ন করা হয়েছে। ২০১১ সালের জুন মাসে প্রতি ডলারের বিপরীতে ৭৪.১৫ টাকার তুলনায় ২০১২ সালের জুন মাসে টাকার বিনিময় হারকে প্রতি ডলারের বিপরীতে ৮১.৮২ টাকা বৃদ্ধি করা হয়েছে।

## মুদ্রা ব্যবস্থাপনা এবং ঋণ উন্নয়ন

২০১২ অর্থবছরে উৎপাদন প্রবৃদ্ধি এবং মূল্যস্ফীতি হারের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক মুদ্রানীতি প্রণয়ন করা হয়েছে। মুদ্রানীতিতে অনুৎপাদনশীল খাতে অতিরিক্ত ঋণপ্রবাহ নিয়ন্ত্রণ এবং সামগ্রিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণের পর্যাপ্ত যোগান নিশ্চিত করা হয়েছে। মূল্যস্ফীতির চাপ প্রশমনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক দু' দফায় রেপো এবং রিভার্স রেপো - এর সুদের হার বৃদ্ধি করা হয়েছে। ২০১১ অর্থবছরে এগুলোর হার ছিল যথাক্রমে ৬.৭৫ এবং ৪.৭৫ শতাংশ, যা ২০১২ অর্থবছরে বৃদ্ধি করে যথাক্রমে ৭.৭৫ এবং ৫.৭৫ শতাংশে উন্নীত করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর জন্য নগদ জমা সংরক্ষণ আবশ্যকতা এবং বিধিবদ্ধ তারল্য সংরক্ষণ হার যথাক্রমে ৬ এবং ১৯ শতাংশ হারে চলমান রাখা হয়েছে। ২০১২ অর্থবছরে ব্যাপক মুদ্রা সরবরাহের প্রবৃদ্ধি কমে দাঁড়ায় ১৭.৪ শতাংশ যার প্রবৃদ্ধি ২০১১ অর্থবছরে ছিল ২১.৪ শতাংশ। ব্যাপক মুদ্রা সরবরাহের এ প্রবৃদ্ধির হার ১৭ শতাংশ লক্ষ্যমাত্রার কাছাকাছি রাখা হয়েছে।

## ব্যাংক হার

২০১২ অর্থবছরে ব্যাংক হার ৫ শতাংশে অপরিবর্তিত রয়েছে।

## তলবী অর্থহার

২০১২ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের বাস্তবমুখী নীতিমালার ফলে তলবী অর্থের বাজারে গড় সুদের হার ৯.৮ থেকে ১৯.৭ শতাংশের মধ্যে বিরাজ করেছে। ২০১২ অর্থবছরের শুরু থেকে জুলাই পর্যন্ত অর্থবাজারে তারল্য চাপ থাকায় আলোচ্য বাজার নিয়ন্ত্রণে ছিল। এ সময়ে তলবী অর্থের সুদের হার উচ্চপর্যায়ে ছিল এবং তা ২০ শতাংশের মধ্যে ধরে রাখা হয়। এ অর্থবছরের শেষের দিকে সুদের হার ৯-১০ শতাংশে কমতে শুরু করে।

## বৈদেশিক মুদ্রা রিজার্ভ

জুন, ২০১১ অর্থবছরে বৈদেশিক মুদ্রা রিজার্ভ ১০.৯২ বিলিয়ন মার্কিন ডলার থেকে ৫.০২ শতাংশ কমে জুন, ২০১২ অর্থবছরে ১০.৩৬ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। ২০১২ সালের ডিসেম্বরে বৈদেশিক মুদ্রা রিজার্ভের পরিমাণ বৃদ্ধি পেয়ে ১২.৭৫ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়। রপ্তানি এবং আমদানির নিম্ন প্রবৃদ্ধি সত্ত্বেও রেমিট্যান্স প্রবৃদ্ধির উচ্চগতির ফলে বৈদেশিক মুদ্রা রিজার্ভ বৃদ্ধি পেয়েছে।

## সার্বভৌম রেটিংস

গ্লোবাল রেটিং এজেন্সি Standard and Poor's (S&P) টেকসই আউটলুকসহ বাংলাদেশের বৈদেশিক এবং স্থানীয় মুদ্রায় সরকারী বন্ডকে BB- রেটিং প্রদান করেছে। Moody's Investors Service বাংলাদেশের বৈদেশিক এবং স্থানীয় মুদ্রায় সরকারী বন্ডকে Ba3 রেটিং প্রদান করেছে। দৃঢ় এবং টেকসই প্রবৃদ্ধির ফলে মূলত Ba3 সার্বভৌম রেটিং অর্জিত হয়েছে। বাংলাদেশের উপর এই রেটিং বিগত তিন বছর ধরে স্থায়ী রয়েছে। যা হোক, বাংলাদেশের অর্থনৈতিক দৃশ্যপটে এই টেকসই রেটিং সুগঠিত অর্থনৈতিক কাঠামো, আর্থিক দৃঢ়তা এবং সুপ্রতিষ্ঠিত ব্যাংকিং খাতের ইঙ্গিত বহন করছে।

## বাংলাদেশের অর্থনীতির স্বল্প এবং মধ্যমেয়াদী সম্ভাবনা

বৈশ্বিক সংকট সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতিতে বিগত চার বছর ধরে ৬ শতাংশের উপর একটি আকর্ষণীয় এবং টেকসই প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এমনকি বৈশ্বিক জটিল অর্থনৈতিক অবস্থার মাঝেও স্বল্প এবং মধ্যমেয়াদীতে বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা অনুকূলে ছিল। এ মর্মে প্রক্ষেপন করা হচ্ছে যে, কৃষি এবং শিল্পখাতে ব্যাপক এবং ধারাবাহিক বিস্তৃতিসহ বিনিয়োগ কর্মকান্ড ত্বরান্বিতকরণের পাশাপাশি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে সামষ্টিক অর্থনৈতিক নীতিমালার পৃষ্ঠপোষকতা অব্যাহত থাকবে।

২০১৩ অর্থবছরে প্রকৃত জিডিপি প্রবৃদ্ধির হার ৭.২ শতাংশ প্রাক্কলন করা হয়েছে, যা ২০১৫ অর্থবছরের মধ্যে ক্রমাগতভাবে ৮ শতাংশে বৃদ্ধি পাবে। এই প্রাক্কলিত লক্ষ্যমাত্রা অর্জনের মূল অনুঘটক হবে ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের বিকাশসহ উৎপাদনশীলতার বহুমুখীতা বাড়ানোর মাধ্যমে কৃষিখাতের উৎপাদন বৃদ্ধি। এ লক্ষ্যে, শিল্পমুখী এবং বিনিয়োগবান্ধব অর্থনৈতিক নীতি এবং কৌশল গ্রহণ এবং বাস্তবায়নের মাধ্যমে মোট দেশীয় বিনিয়োগ ২০১৩ অর্থবছরে জিডিপি'র শতকরা হিসেবে ২৬.৬ শতাংশ থেকে ক্রমান্বয়ে ২০১৭ অর্থবছরে ৩২.৮ শতাংশে বৃদ্ধির প্রক্ষেপন করা হয়েছে। তবে, যোগাযোগ অবকাঠামো , বিদ্যুৎ এবং এনার্জী খাতের অধিকতর উন্নয়ন ব্যতিরেকে প্রবৃদ্ধির এই প্রাক্কলিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। যা হোক, ২০১৩ অর্থবছরে জিডিপি'র প্রাক্কলিত লক্ষ্যমাত্রা অর্জন মূলত বৈশ্বিক পুনরুদ্ধারের পাশাপাশি সুস্থ বিনিয়োগ পরিবেশে বাস্তবসম্মত সামষ্টিক অর্থনৈতিক নীতিমালা কার্যকরণের উপর নির্ভর করবে।

এ প্রেক্ষাপটে, ২০১৩ অর্থবছরে মূল্যস্ফীতি ৭.৫ শতাংশে ধরে রাখা এবং উৎপাদন প্রবৃদ্ধির হার ৭.২ শতাংশ অর্জনের অনুকূল উপযোগী সংকোচনমূলক মুদ্রানীতি কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হয়েছে, যেখানে বেসরকারী খাতে ঋণ প্রবাহ প্রবৃদ্ধির হার ১৮ শতাংশ প্রাক্কলন করা হয়েছে।

### প্রেক্ষিত পরিকল্পনা ২০১০ - ২০২১

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে সরকার "বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০১০ – ২০২১" শীর্ষক পরিকল্পনা দলিল প্রণয়ন করেছে। বাংলাদেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের কিছু সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্যেই "রূপকল্প-২০২১" প্রণয়ন করা হয়েছে।

মধ্য আয়ের দেশে রূপান্তরের লক্ষ্যে চ্যালেঞ্জ মোকাবেলা এবং এর জন্য প্রয়োজনীয় কৌশলসমূহ রয়েছে এ পরিকল্পনায়। এ দিকদর্শনের মূল লক্ষ্য হচ্ছে ঃ-

- ২০২১ সাল নাগাদ প্রবৃদ্ধির হার ১০ শতাংশে উন্নীত করা ;
- মাথাপিছু আয় ২০০০ মার্কিন ডলারে উন্নীত করা ;
- দারিদ্রসীমার নীচে বসবাসকারী জনগণের সংখ্যা ১৩.৫ শতাংশে নামিয়ে আনা ;
- বেকারত্ব হার ১৫ শতাংশে হ্রাস করা ;
- বার্ষিক মাথাপিছু বিদ্যুৎ ব্যবহার ঘন্টায় ৬০০ কিলোওয়াট উন্নীত করা ; এবং
- ডিজিটাল বাংলাদেশ গঠনের জন্য তথ্যপ্রযুক্তি ব্যবস্থাকে শক্তিশালী করা।

### ব্যাংকের ব্যবসায়িক পরিবেশ পর্যালোচনা

২০১২ সালে বাংলাদেশের ব্যাংকিং খাতে মোবাইল ব্যাংকিং-এর সূচনা, অনলাইন ব্যাংকিং, এটিএম সুবিধা, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড প্রদান করাসহ নানাবিধ ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে। এছাড়া, ২০১২ সালের ব্যাংকিং শিল্পকে ব্যাংকিং সেবায় 'অন্তর্ভুক্তিকরণের বছর' হিসাবে আখ্যায়িত করা যায়। মোবাইল ব্যাংকিং নেটওয়ার্ক এবং কৃষক, হতদরিদ্র জনগোষ্ঠী, মুক্তিযোদ্ধা, বেকার যুবক ও সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচীর আওতায় সুবিধাভোগীদের এ্যাকাউন্ট খোলার মাধ্যমে ব্যাংকিং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে ব্যাংকিং সুবিধার আওতায় আনার লক্ষ্য হচ্ছেঃ অন্তর্ভুক্তিকরণ ব্যাংকিং। কেন্দ্রীয় ব্যাংক-এর নির্দেশনা অনুক্রমে জনগণকে ব্যাংকিং সেবায় অধিকতর সম্পৃক্তকরণ এবং ভারসাম্যপূর্ণ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে এস এম ই, কৃষি ভিত্তিক অর্থনীতি এবং তথ্য ও প্রযুক্তি খাতকে অধিকতর শক্তিশালী করার জন্য বাংলাদেশের ব্যাংকিং খাত বেশকিছু কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। একই সময়ে অর্থনীতির ধারণযোগ্যতা রক্ষার লক্ষ্যে ব্যাংকসমূহ সামাজিক দায়বদ্ধতার কর্মকান্ড বিস্তৃতি এবং গ্রীন ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণে অনুপ্রাণিত হয়েছে।

দক্ষ এবং টেকসই ব্যাংকিং বিজনেস কার্যক্রমের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সংশোধিত রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন্স-এর আলোকে ঝুঁকি ব্যবস্থাপনার জন্য ব্যাংকিং খাত কর্তৃক বেশকিছু কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

এ সকল ইতিবাচক পরিবর্তনের পাশাপাশি তারল্য সংকট ব্যবস্থাপনা, আমানতের উপর উচ্চ সুদহার, সি আর আর এবং এস এল আর -এর বর্ধিত হার সংরক্ষণ, কেন্দ্রীয় ব্যাংকের বিধি মোতাবেক ঋণ-আমানত অনুপাত সংরক্ষণ, স্থানীয় মুদ্রার অবমূল্যায়ন ইত্যাদি চ্যালেঞ্জ ব্যাংকিং ইন্ডাষ্ট্রি-কে মোকাবেলা করতে হয়েছে। আস্থার অভাব ও তারল্য সংকটের ফলে সৃষ্ট পুঁজিবাজারের নিস্তেজভাব এ সমস্যাকে আরও প্রকট করে তুলেছে।

## বিডিবিএল-এর ব্যবসায়িক কৌশল এবং কার্যক্রম পর্যালোচনা

বিডিবিএল প্রতিষ্ঠাকালীন সময়ে বিশ্ব অর্থনীতিতে ১৯৩০ সালের মন্দার চেয়ে ভয়াবহ মন্দাভাব বিরাজ করছিল, যার প্রভাব বাংলাদেশের অর্থনীতিতেও পড়েছিল। যা হোক, এই চ্যালেঞ্জ মোকাবেলা করে নবগঠিত প্রতিষ্ঠানটিকে গতিশীল এবং টেকসই ব্যাংক কোম্পানীতে পরিণত করার জন্য বিডিবিএল-এর পরিচালনা পর্ষদ বিভিন্ন উদ্যোগ গ্রহণ এবং দিকনির্দেশনা প্রদান করে।

সরকারী মালিকানাধীন ব্যাংক হিসেবে বিডিবিএল পূর্বের ন্যায় শিল্পে ঋণ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। সংঘ স্মারক এবং সংঘ বিধি অনুক্রমে বিডিবিএল বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমসহ বৈদেশিক মুদ্রা লেনদেন এবং আন্তর্জাতিক বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার অনুমোদন লাভ করেছে। ঢাকা স্টক একচেঞ্জ (ডি এস ই)-এর সদস্য হিসেবে পুঁজিবাজার কার্যক্রম উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শিল্পে অর্থায়নের ক্ষেত্রে, বিডিবিএল পরিবেশ বান্ধব প্রকল্প এবং অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী অন্যান্য প্রকল্পসমূহে অর্থায়ন করছে। এটি বাণিজ্যিক গ্রাহকদের জন্য চলতি মূলধন ঋণ এবং বাণিজ্যে অর্থায়নসহ এস এম ই ঋণ, ব্যবসায়ী এবং নারী উদ্যোক্তাদের জন্য ঋণ, ব্যক্তিগত এবং খুচরা ঋণ, গৃহনির্মাণ ঋণ, গাড়ি ক্রয় এবং অন্যান্য প্রয়োজনীয় ঋণ প্রদান করে থাকে। বাণিজ্যিক ব্যাংকিং পণ্য এবং সেবাসমূহ ছাড়াও বৈদেশিক মুদ্রা বিনিময় এবং বৈদেশিক বাণিজ্যিক কার্যক্রমে অর্থায়ন ইত্যাদি শুরু করা হয়েছে। তাছাড়া, ক্ষুদ্র এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের জন্য বিভিন্ন ধরণের বিশেষ সঞ্চয় স্কীম রয়েছে।

কৌশলগত পরিকল্পনার অংশ হিসেবে বিডিবিএল ২০১২ সালে বেশ কিছু কাঠামোগত পরিবর্তন এনেছে। যুগপৎভাবে দ্রুত প্রবৃদ্ধি অর্জন এবং সেবার গুনগতমান অক্ষুন্ন রাখার জন্য ঋণ অনুমোদন সহজীকরণসহ ঋণ আদায় প্রক্রিয়া জোরদার করা হয়েছে এবং ঋণ হিসাব রক্ষণাবেক্ষণ কার্যক্রম হেড অফিস থেকে ব্রাঞ্চ অফিসে স্থানান্তর করা হয়েছে।

অধিকন্তু, ব্যাংকিং কর্মকান্ড দ্রুত সম্প্রসারণের লক্ষ্যে ২০১২ সালে ৬টি নতুন ব্রাঞ্চ চালু করা হয়েছে। পাশাপাশি কমার্শিয়াল ব্যাংকিং, বৈদেশিক মুদ্রা বিনিময় এবং বৈদেশিক বাণিজ্যে অর্থায়নসহ আই টি নির্ভর কার্যক্রম দক্ষভাবে পরিচালনা এবং এর গতিশীলতা আনয়ণের লক্ষ্যে প্রতিটি ক্ষেত্রে একজন করে মোট তিনজন পরামর্শকের সহায়তা নেয়া হচ্ছে।

গ্রাহকদের দ্রুত এবং উন্নত সেবা প্রদানের লক্ষ্যে সিনিয়র অফিসার, সিনিয়র অফিসার (আই টি) এবং অফিসার (ক্যাশ) নিয়োগ করা হয়েছে। চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে বিদ্যমান এবং নতুন অফিসারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

মুনাফা অর্জনের পাশাপাশি ব্যাংক মানবজাতি এবং পৃথিবী নিয়েও সচেতন। এ লক্ষ্যে, ব্যাংক পাবলিক রিলেশন ডিপার্টমেন্টের অধীনে একটি সি এস আর ডেস্ক স্থাপন করেছে। এ সকল কার্যক্রমের মধ্যে ব্যাংক পরিবেশ বান্ধব ব্যাংকিং কার্যক্রম জোরদার করতে অঙ্গীকারাবদ্ধ।

আমানত এবং আমানত পণ্য মিশ্র

বাণিজ্যিক ব্যাংকিং এর ক্ষেত্রে তহবিল গঠনের অন্যতম প্রধান উৎস হচ্ছে আমানত সংগ্রহ। ২০১১ সালের শেষে আমানতের পরিমাণ ছিল ৪৭০.৬৮ কোটি টাকা যা ২০১২ সাল শেষে পূর্ববর্তী বছরের তুলনায় ৬৮.৮০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৯৪.৫৫ কোটি টাকায় উন্নীত হয়েছে। অফিসারদের ব্যাপক উদ্যোগ গ্রহণ, প্রতিযোগিতামূলক সুদ, আকর্ষণীয় আমানত পণ্য এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের নিয়মিত পর্যবেক্ষণের ফলে এটি সম্ভব হয়েছে। ২০১২ সালে ব্যয়বিহীন আমানত এবং স্বল্পব্যয়ী আমানতের মোট পরিমাণ ছিল ৮.১১ শতাংশ এবং অবশিষ্ট আমানতের ৯১.৮৯ শতাংশ ছিল ফিক্সড ডিপোজিট এবং সেভিংস স্কীম। ডিসেম্বর ৩১, ২০১২ সাল পর্যন্ত বিভিন্ন আমানতের সংমিশ্রণ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আমানত পন্যের নাম | আমানতের পরিমাণ (কোটি টাকায়) | মোট আমানতের অংশ (%) |
|---|---|---|---|
| ১. | চলতি আমানত | ২৩.০৯ | ২.৯১ |
| ২. | বিলস্ পেয়েবল | ১.০৯ | ০.১৪ |
| ৩. | সেভিংস ব্যাংক ডিপোজিট | ৪০.১৯ | ৫.০৫ |
| ৪. | ফিক্সড / টার্ম ডিপোজিট | ৪৫৬.৬১ | ৫৭.৪৭ |
| ৫. | সেভিং স্কীমস | ২৭৩.৫৭ | ৩৪.৪৩ |
| | **মোট** | **৭৯৪.৫৫** | **১০০.০০** |

আমানত বৃদ্ধির জন্য বেশকিছু বিশেষ সঞ্চয় আমানত স্কীম চালু করা হয়েছে। যেমন ঃ

(I) ৫ বছর মেয়াদী বিডিবিএল সঞ্চয় স্কীম (BDBLSS)

(II) ১০ বছর মেয়াদী শিক্ষা সঞ্চয় স্কীম (SSS)

(III) ১০ বছর মেয়াদী চিকিৎসা সঞ্চয় স্কীম (CSS)

(IV) বিবাহ সঞ্চয় স্কীম (MSS)

(V) অবসর গ্রহণ পরবর্তী বিনিয়োগ স্কীম (ISR)

(VI) মাসিক উপার্জন স্কীম (MIS)

(VII) ডাবল বেনিফিট স্কীম (DBS)

## ঋণ ও অগ্রিম

গ্রাহকদের দ্রুত এবং ফলপ্রসু সেবা নিশ্চিত করার জন্য ব্যাংক একটি লেন্ডিং পলিসি এন্ড প্রসিডিউরস্ প্রণয়ন করেছে। ২০১১ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিম ছিল ১০০৪.৬১ কোটি টাকা যা, ২০১২ সালে ৪৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪৭৪.৩১ কোটি টাকা দাঁড়িয়েছে। ২০১২ সালের বর্ধিত ঋণ এবং অগ্রিমের মধ্যে অন্যান্য ঋণসহ এস এম ই, মেয়াদী ঋণ, চলতি মূলধন ঋণ, ভোক্তা ঋণ, পি এ ডি, এল বি পি, এল টি আর অন্তর্ভুক্ত রয়েছে।

ব্যাংকের ঋণ পত্রকোষ বহুমুখী অর্থাৎ ব্যাংক বৃহৎ, ক্ষুদ্র এবং মাঝারি শিল্প এবং ব্যবসায় ইত্যাদি বহুমুখী খাতে ঋণ প্রদান করেছে। ঋণ এবং অগ্রিম প্রদানের ক্ষেত্রগুলো হলো ঃ খাদ্য পণ্য, পাট এবং পাটজাত পণ্য, সুতা, পশমী এবং কৃত্রিম বস্ত্র, কাগজজাত পণ্য,প্রিন্টিং সামগ্রী, ইলেকট্রিক্যাল মেশিনারি, মেশিনের খুচরা যন্ত্রাংশ, জলযান, কেমিক্যাল এবং পেট্রো কেমিক্যাল পণ্য, সেবা, রিয়েল এস্টেট, কনজ্যুমার স্কীমে ঋণ, বিভিন্ন ব্যবসা ইত্যাদি। ডিসেম্বর ৩১, ২০১২ পর্যন্ত মেয়াদী ঋণ ও অগ্রিমের খাতওয়ারী অবস্থা নিম্নে দেখানো হল ঃ-

(কোটি টাকায়)

| খাত | প্রকল্পের সংখ্যা | মোট ঋণ |
|---|---|---|
| খাদ্য ও খাদ্যজাত পণ্য | ৯০ | ৭৬.৬১ |
| কটন,উলেন ও সিনথেটিক টেক্সটাইল | ৬১ | ৫৩৫.৩৫ |
| কাগজ, কাগজজাত পণ্য ও মুদ্রণ | ৭ | ১৪.০৩ |
| চামড়া ও চামড়াজাত পণ্য | ২ | ৬.৪১ |
| অধাতব খনিজ পণ্য | ৫ | ৬.৭৯ |
| বন ও কাঠজাত পণ্য | ৪ | ৩.৩৪ |
| রাবার ও রাবারজাত পণ্য | ১ | ০.১৪ |
| ধাতব পণ্য | ৭ | ৮.৫৭ |
| ইলেকট্রিক্যাল যন্ত্র ও দ্রব্যাদি | ৩ | ৫.৯৯ |
| যন্ত্র ও যন্ত্রাংশ | ১ | ০.২৫ |
| জলযান | ১ | ২.৪৩ |
| রাসায়নিক ও ঔষধ | ১৪ | ২১.৩৯ |
| পেট্রো রাসায়নিক পণ্য | ৫ | ৭.৩৭ |
| সেবা শিল্প | ৭৪ | ২৪.০৯ |
| গৃহ ঋণ | ১৯ | ১.৬২ |
| বিবিধ | ১২৯ | ১২.৬৬ |
| মোট | ৪২৩ | ৭২৭.০৪ |

## দীর্ঘমেয়াদী ঋণ

নতুন শিল্প স্থাপন এবং বিদ্যমান শিল্পের ভারসাম্যকরণ, আধুনিকীকরণ, যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সম্প্রসারণের জন্য ব্যাংক কর্তৃক মেয়াদী ঋণ সুবিধা প্রদান করা হয়। ২০১২ সাল শেষে ব্যাংক দীর্ঘমেয়াদী ঋণের লক্ষ্যমাত্রা ১০০ কোটি টাকার বিপরীতে ৮২.২১ কোটি টাকা ঋণ বিতরণ করেছে, যা লক্ষ্যমাত্রার ৮২.২১ শতাংশ।

## সিন্ডিকেশন এবং যৌথ অর্থায়ন

বৃহৎ প্রকল্পের জন্য কয়েকটি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সংঘবদ্ধ অথবা যৌথভাবে ঋণ প্রদান একটি গ্রহণযোগ্য পদ্ধতি। ব্যাংকিং প্রতিষ্ঠান কর্তৃক সিন্ডিকেটেড ঋণ প্রদানের মূল উদ্দেশ্য হচ্ছে ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে ঋণ ঝুঁকি বন্টন করে এর ঝুঁকি হ্রাস করা । এ ধরণের অর্থায়নের ক্ষেত্রে নির্ধারিত গ্রহণযোগ্য শর্তে চুক্তির মাধ্যমে (ফ্যাসিলিটি এগ্রিমেন্ট) একই সময়ে, একই উদ্দেশ্যে কয়েকটি প্রতিষ্ঠান কর্তৃক একক প্রতিষ্ঠানে ঋণ প্রদান করা হয়।

বিডিবিএল ১০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্প ঋণের জন্য এ ধরণের অর্থায়নকে অগ্রাধিকার প্রদান করে। ব্যাংক কর্তৃক ২০১২ সালে বি এস আর এম নামক একটি প্রকল্পে ৪৮৫.২৪ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এই ঋণের লীড ব্যাংক এবং বিডিবিএল অন্যতম সহযোগী ব্যাংক হিসেবে ১০ কোটি টাকা ঋণ প্রদান করেছে।

## এস এম ই অর্থায়ন

কর্মসংস্থান সৃষ্টির ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য দেশীয় বিনিয়োগ বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন এবং আঞ্চলিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এস এম ই) ভূমিকা অপরিহার্য। সরকার এবং বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী দারিদ্র হ্রাস এবং প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের জন্য একটি গতিশীল এস এম ই খাতের উন্নয়নে ব্যাংক অগ্রাধিকার দিয়েছে। এ সকল লক্ষ্য অর্জন এবং ব্যাংক বহির্ভূত জনগণকে আর্থিক সেবার আওতায় অন্তর্ভুক্তকরণের জন্য ব্যাংকের এস এম ই ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নেবর্ণিত কার্যাবলী সম্পাদন করা হচ্ছে ঃ-

- বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ সরকারের নীতি নির্দেশনার আলোকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এস এম ই) অগ্রাধিকার খাতে অর্থায়ন জোরদার করা।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এস এম ই) সম্পর্কিত কাজ পরিচালনা, পরীক্ষা এবং তদারকি করা ।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এস এম ই) আওতাধীন প্রকল্পসমূহের যথাসময়ে বাস্তবায়ন তদারকি করা।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এস এম ই) ঋণসমূহ যাতে শ্রেণীবিন্যাসিত ঋণে পরিণত না হয়, সে লক্ষ্যে নিয়মিত ঋণ আদায় নিশ্চিত করা।

বাংলাদেশ ব্যাংকের সাথে ব্যাংক নিম্নেবর্ণিত তিনটি পুনঃ অর্থায়ন চুক্তি স্বাক্ষর করেছে ঃ-

- এডিবি তহবিলের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধা।
- কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণের জন্য পুনঃঅর্থায়ন সুবিধা।
- বাংলাদেশ ব্যাংক ফান্ড (মহিলা উদ্যোক্তা)।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এস এম ই) ঋণ পত্রকোষ বর্ধন এবং ত্বরান্বিতকরণের জন্য ব্যাংক বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে, যার কিছু হল ঃ-

- জোনাল, ব্রাঞ্চ হেড এবং হেড অফিসের সংশ্লিষ্ট অফিসারের এস এম ই ঋণ প্রদানের ক্ষমতা বিভাজন ;
- সাধারণ এবং মহিলা উদ্যোক্তাদের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ (গুচ্ছ প্রকল্পের জন্য ১০ শতাংশ, গ্রীন ব্যাংকিং - এর জন্য ১০ শতাংশ এবং অন্যান্য প্রকল্পের জন্য ৬৫ শতাংশ) ;
- এস এম ই শিল্প চিহ্নিতকরণের সুবিধার্থে অঞ্চল, বিশেষ এলাকা, গোষ্ঠীভিত্তিক তালিকা প্রস্তুত এবং ব্রাঞ্চসমূহে প্রেরণ ;
- মহিলাদের জন্য নির্দিষ্ট ঋণাংক পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদানের ব্যবস্থা ;
- এস এম ই সেল, হেল্প ডেস্ক বিশেষ করে মহিলা উদ্যোক্তাদের উপদেশমূলক সেবাসহ অন্যান্য সহযোগিতা প্রদানের লক্ষ্যে ডেস্ক স্থাপন ;
- এনজিও লিংকেজ হোলসেল ক্রেডিট পলিসি প্রণয়ন ;
- এস এম ই সংক্রান্ত নিয়ম কানুন এবং অন্যান্য তথ্যের জন্য এস এম ই ম্যানুয়াল প্রণয়ন ;
- "আশার আলো" (মহিলা উদ্যোক্তাদের জন্য), "কলের চাকা টাকার ঝাঁকা" (শিল্প ঋণ), খামার বাড়ি (কৃষিভিত্তিক পণ্য প্রক্রিয়াকরণ ঋণ), "প্রসার" (ব্যবসায়িক ঋণ) নামে ৪টি নতুন এস এম ই পণ্য প্রবর্তন ;
- বাংলাদেশ ব্যাংক প্রদত্ত সফটওয়্যারের আলোকে ডাটাবেস সৃষ্টি এবং বাজার বিভাজনের উপর রিপোর্টিং ;
- নিয়মিতভাবে অঞ্চলভিত্তিক উদ্যোক্তাদের সাথে সভার আয়োজনকরণ ;
- বাংলাদেশ ব্যাংক গভর্নরের নির্দেশক্রমে অর্থ সহায়তায় অন্তর্ভুক্তির লক্ষ্যে ফুল চাষের উপর গবেষণা প্রতিবেদন প্রণয়ন ; এবং
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এস এম ই) সম্পর্কিত বিষয়ের উপর ব্যাংক কর্মীদের জ্ঞান এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন।

উপরোক্ত বিষয়সমূহ ছাড়াও ব্যাংক বিভিন্ন এস এম ই মেলা এবং সেমিনারে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছে।
৩১-১২-২০১২ পর্যন্ত এস এম ই ঋণের পোর্টফোলিও অবস্থা নিম্নরুপ ঃ-

(কোটি টাকায়)

| এস এম ই খাত | পরিমাণ |
|---|---|
| সেবা | ৭.৩৯ |
| ব্যবসায় - বাণিজ্য | ৫.০০ |
| উৎপাদন | ৯.৩৯ |
| **উপমোট** | **২১.৭৮** |
| মহিলা উদ্যোক্তা | ৫.৭৪ |
| **সর্বমোট** | **২৭.৫২** |

বিশেষভাবে উল্লেখ্য, এস এম ই ঋণের খুব সামান্য পরিমাণই শ্রেণীবিন্যাসিত ঋণে পরিণত হয়েছে, যা আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## এস এম ই - এর আওতাধীন মহিলা উদ্যোক্তাদের অর্থায়নে বিডিবিএল - এর কৃতিত্ব

এস এম ই ঋণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের দিকনির্দেশনা অনুসরণের পাশাপাশি মহিলা উদ্যোক্তাদের মানসম্মত ঋণ প্রদানের জন্য ৪৭ টি ব্যাংকের মধ্যে বাংলাদেশ ব্যাংকের "পারফরমেন্স র‍্যাংকিং - ২০১২" - তে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ প্রথম স্থান অর্জন করেছে, যা নিঃসন্দেহে বিডিবিএল - এর মাইল ফলক অর্জন।

## গ্রীন ব্যাংকিং

গ্রীন ব্যাংকিং হচ্ছে পরিবেশ রক্ষার লক্ষ্যে স্টেকহোল্ডারগণ কর্তৃক গৃহীত বৈশ্বিক উদ্যোগ। জলবায়ু পরিবর্তনের ফলে ঝুঁকিপূর্ণ দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম। পরিবেশ বিপর্যয় রোধে বাংলাদেশের আর্থিক খাতকে প্রধান স্টেকহোল্ডার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ-ও আর্থিক মধ্যস্থতাকারীর অংশ হিসেবে পরিবেশ রক্ষার প্রতি দায়িত্বশীল।

পরিবেশবান্ধব প্রকল্প অর্থাৎ যে সব প্রকল্প পরিবেশ দূষণ করে না, যেমন নবায়নযোগ্য শক্তি, শিল্পবর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং এ ধরণের বিভিন্ন প্রকল্পে অর্থায়নে ব্যাংক অগ্রাধিকার প্রদান করেছে। সৌরশক্তি, বায়ুশক্তি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন এবং আধুনিক পরিবেশবান্ধব প্রযুক্তিনির্ভর স্বয়ংক্রিয় ইট প্রস্তুত প্রকল্পকে বিডিবিএল প্রাধান্য দিচ্ছে। ২৭-০২-২০১১ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ০২ নম্বর বি আর পি ডি সার্কুলার অনুক্রমে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক কর্তৃক নিম্নেবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছে ঃ-

- গ্রীন ব্যাংকিং নীতি এবং কৌশল প্রণয়ন, যা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ;
- ব্যাংকের পরিবেশ নীতি, কৌশল এবং কর্মসূচী পর্যালোচনার লক্ষ্যে পরিচালনা পর্ষদের পরিচালক সমন্বয়ে ৮ সদস্যের একটি উচ্চক্ষমতা সম্পন্ন কমিটি গঠন ;
- গ্রীন ব্যাংকিং - এর জন্য ব্যাংকের বার্ষিক বাজেটের উল্লেখযোগ্য পরিমাণ তহবিল বরাদ্দের অনুমোদন ; এবং
- ব্যাংকের গ্রীন ব্যাংকিং সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন, তা পরিচালনা এবং মূল্যায়ন করার লক্ষ্যে একজন জেনারেল ম্যানেজারকে প্রধান করে ৫ সদস্যের গ্রীন ব্যাংকিং সেল গঠন।

এ ছাড়া, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত গ্রীন ব্যাংকিং নীতি-নির্দেশনা অনুক্রমে ফেস-২ এর আওতায় ব্যাংক কর্তৃক নিম্নেবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ-

- খাতভিত্তিক নির্দিষ্ট পরিবেশ নীতি প্রণয়নকরণ ;
- প্রকল্পে অর্থায়নকালে কৌশলগত গ্রীন পরিকল্পনা প্রণয়ন ;
- গ্রীন পণ্যে অর্থায়ন ;

- নিম্নে বর্ণিত উপাদানের ভিত্তিতে গ্রীণ ব্রাঞ্চ স্থাপন ঃ
    - ➢ প্রাকৃতিক আলোর সর্বাধিক ব্যবহার
    - ➢ অনলাইন ব্যাংকিং ব্যবহার
    - ➢ নবায়নযোগ্য শক্তির ব্যবহার
    - ➢ বিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব এবং অন্যান্য যন্ত্রপাতির ব্যবহার
    - ➢ পানি এবং বিদ্যুৎ-এর পরিমিত ব্যবহার
    - ➢ পুর্নব্যবহারোপযোগী পানির ব্যবহার
- বিদ্যুৎ সাশ্রয় এবং পানি ও কাগজের ব্যবহার কমানোর লক্ষ্যে সময়োপযোগী অভ্যন্তরীণ পরিবেশ ব্যবস্থাপনা চালুকরণ।

গ্রীন ব্যাংকিং কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ব্যাংক কর্তৃক নিম্নোক্তভাবে তহবিল বরাদ্দ করা হয়েছে ঃ-

(কোটি টাকায়)

| ক্রমিক নং | ক্ষেত্র | মোট তহবিল | গ্রীন ব্যাকিং-এর জন্য বরাদ্দ |
|---|---|---|---|
| ১. | দীর্ঘমেয়াদী ঋণ | ১৫০.০০ | ২৫.০০ |
| ২. | এস এম ই ঋণ | ১০০.০০ | ২৫.০০ |
| ৩. | স্বল্পমেয়াদী | ৩৪০.০০ | ১০.০০ |
| ৪. | সি এস আর | ২.০০ | ০.২০ |

এছাড়া, অভ্যন্তরীণ পরিবেশ ব্যবস্থাপনার অংশ হিসেবে সাশ্রয়ী এবং পরিমিতভাবে বিদ্যুৎ, জ্বালানী, কাগজ এবং পানি ব্যবহার করে ব্যয় হ্রাস এবং পরিবেশ রক্ষার জন্য ব্যাংক কর্তৃক একটি সার্বজনীন নির্দেশনা প্রদান করা হয়েছে।

## ক্যাশ ক্রেডিট, ট্রেড ক্রেডিট এবং লোকাল বিল পারচেজ

এটি বাণিজ্যিক ব্যাংকিং ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র। ২০১২ সালে অন্যান্য সুযোগ-সুবিধাসহ ব্যাংক কর্তৃক এ খাতে ২৫৭.০০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

## রিটেইল ব্যাংকিং এর আওতাভুক্ত ভোক্তা এবং ব্যক্তিগত ঋণ

বিডিবিএল-এর ব্যবসায়িক কার্যক্রম শুধুমাত্র কর্পোরেট খাতে সীমাবদ্ধ নয়। ব্যাংক রিটেইল ব্যাংকিং এর আওতায় ২০১০ সাল থেকে কনজ্যুমারস্ ক্রেডিট এবং পারসোনাল লোন নামে দুটি স্কীম চালু করেছে। এক্ষেত্রে ইতিবাচক সাড়া পাওয়া যাচ্ছে। রিটেইল ব্যাংকিং-এর মূলমন্ত্র হলো গ্রাহকদের প্রয়োজন নির্ভর পণ্য ও সেবা প্রদান করা। ডিসেম্বর, ২০১২ সালে ব্যাংক এখাতে ৯৬ কোটি টাকা ঋণ বিতরণ করেছে।

## বৈদেশিক মুদ্রা বিনিময় এবং বৈদেশিক বাণিজ্যে অর্থায়ন

২০১১ সাল থেকে বিডিবিএল ইন্টারন্যাশনাল ব্যাংকিং ডিপার্টমেন্ট নামে একটি নতুন ডিপার্টমেন্ট গঠনের মাধ্যমে এ ধরণের ব্যবসায়িক কার্যক্রম চালু করেছে। একজন ফরেন এক্সচেঞ্জ বিশেষজ্ঞের তত্ত্বাবধানে এই ডিপার্টমেন্ট সুষ্ঠুভাবে অভ্যন্তরীণ এবং বৈদেশিক এল/সি এবং ব্যাক টু ব্যাক এল/সি খোলা, বিল ক্রয়, বিল ছাড় প্রভৃতি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বিডিবিএল-এর পাঁচটি AD ব্রাঞ্চ রয়েছে, যথা ঃ প্রিন্সিপাল ব্রাঞ্চ, মতিঝিল ব্রাঞ্চ, কারওয়ান বাজার ব্রাঞ্চ, নারায়ণগঞ্জ এবং আগ্রাবাদ ব্রাঞ্চ। ব্যাংকের নিজস্ব SWIFT কোড BIC ঃ BDDBBDDH রয়েছে। কৌশলগত অগ্রাধিকারের ভিত্তিতে গ্রাহকদেরকে আরও অনেক সেবা-সুবিধা প্রদান করা হবে।

## পুঁজিবাজার কার্যক্রম

বিডিবিএল ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর সক্রিয় সদস্য। ব্রোকারেজ হাউস পুঁজিবাজার কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিডিবিএল ক্ষুদ্র এবং মাঝারি বিনিয়োগকারীদের সেবা দানের জন্য মতিঝিলে ব্রোকারেজ হাউস পরিচালনা করছে। ডিসেম্বর ৩১, ২০১২ তারিখ পর্যন্ত এই ব্রোকারেজ হাউসের বেনিফিসারি ওনার্স (BO) হিসাবের সংখ্যা ৩১৫৩টি।

২০১২ সালে বিডিবিএল প্রাইমারী এবং সেকেন্ডারী বাজার থেকে বিভিন্ন কোম্পানীর শেয়ার ক্রয় বাবদ ৪৫.৫৬ কোটি টাকা বিনিয়োগ করেছে। একই সময়ে বিডিবিএল ৭১ টি তালিকাভুক্ত কোম্পানীর ২০.৬৬ কোটি টাকার শেয়ার বিক্রয় করেছে। এছাড়া, বিডিবিএল প্রি আই পি ও প্লেসমেন্টে ২ কোটি টাকা বিনিয়োগ করেছে। শুরু থেকে এ পর্যন্ত উদ্যোক্তা হিসেবে বিডিবিএল বাংলাদেশ ফান্ডে ১০০ কোটি টাকা বিনিয়োগ করেছে। ২০১২ সালে ব্যাংক মূলধনী লাভ হিসেবে ১১.৪০ কোটি টাকা, ডিভিডেন্ড হিসেবে ২৯.৭৯ কোটি টাকা এবং বন্ড ও ডিবেঞ্চারের উপর বিনিয়োগ থেকে ৬.৪০ কোটি টাকা আয় করতে সক্ষম হয়েছে।

মূল ব্যাংকিং থেকে পুঁজিবাজার কার্যক্রম পৃথকভাবে পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশক্রমে "বিডিবিএল সিকিউরিটিজ লিঃ (বিএসএল)" ঢাকা নামে পৃথক একটি সাবসিডিয়ারী কোম্পানী গঠন করা হয়েছে। সমস্ত আইনী বাধ্যবাধকতা সম্পন্নের পর জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস এর রেজিস্ট্রিভুক্ত হয়ে ২০১১ সালের ৩ এপ্রিল এটি পুঁজি বাজারে স্টক ডিলার এবং স্টক ব্রোকার হিসেবে শেয়ার ব্যবসা শুরু করে। ২০১১ সালের ২৩ মে জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস এর রেজিষ্টার বিডিবিএল-এর পক্ষে ব্যবসা পরিচালনা করার জন্য সনদ প্রদান করে। ১৭-০৭-২০১১ সালে বিডিবিএল-এর পরিচালনা পর্ষদ এবং বিডিবিএল সিকিউরিটিজ লিঃ- এর মধ্যে একটি Vendor's Agreement স্বাক্ষরিত হয়।

এখানে উল্লেখ্য যে, অক্টোবর ২৫, ২০১১ সালে অনুষ্ঠিত ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিচালকগণ ৬৮৯তম সভায় ডি এস ই-এর শেয়ার (ডি এস ই মেম্বারশীপ নম্বর-২০) হস্তান্তরের অনুমোদন দেয়। জানুয়ারি ১৮, ২০১২ সালে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন স্টক ব্রোকার এবং স্টক ডিলারের লাইসেন্স প্রদান করে। কোম্পানী সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) এর সাথে কিছু আনুষ্ঠানিকতা শেষে কার্যক্রম শুরু করেছে। কোম্পানীর প্রধান কার্যক্রম নিম্নরুপ ঃ

- স্টক এক্সচেঞ্জের সদস্য হিসেবে কার্যপরিচালনা এবং ওভার দি কাউন্টারে - ব্রোকারেজ সার্ভিস প্রদান এবং স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার / সিকিউরিটিজ ক্রয় - বিক্রয়ে ব্রোকারেজ সুবিধা প্রদান ; এবং
- ব্রোকার এবং স্টক ডিলার হিসেবে শেয়ার, সিকিউরিটিজ / ডিবেঞ্চার সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা।

কোম্পানীটি কর্মময় উপস্থিতির মাধ্যমে ক্লায়েন্টসদের উন্নতমানের পেশাগত, ব্যক্তিগত এবং নৈতিকতার সাথে সেবা প্রদানে অঙ্গীকারাবদ্ধ। কোম্পানীর অনুমোদিত মূলধন হচ্ছে ৫০.০০ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ১০.০০ কোটি টাকা।

# বিডিবিএল - এর অগ্রগতির তিন বছর ঃ এক নজরে

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | ২০১০ | ২০১১ | ২০১২ |
|---|---|---|---|---|
| ক. | ব্যালেন্স শীট ম্যাট্রিক্স | | | |
| ১. | অনুমোদিত মূলধন | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ২. | পরিশোধিত মূলধন | ৪০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ |
| ৩. | সংরক্ষিত তহবিল | ১১৬০.০৬ | ১০৮২.৩৩ | ১১৬৫.৭০ |
| ৪. | অবন্টিত মুনাফা | ৩.৬৭ | ৪.০৫ | ৪.১৯ |
| ৫. | মোট সম - মূলধন | ১৫৬৩.৭৩ | ১৪৮৬.৩৮ | ১৪৬৯.৮৮ |
| ৬. | উদ্বৃত্ত মূলধন (ব্যাসেল - ২ অনুসারে ) | ৬৬৩.২৫ | ৬৩০.১৫ | ৭০৫.৭২ |
| ৭. | আমানত (পরিশোধযোগ্য বিলসহ) | ৩২৫.৪০ | ৪৭০.৬৮ | ৭৯৪.৫৫ |
| ৮. | বিনিয়োগ | ১৫৮.৮৪ | ২৮২.০৯ | ৩২৩.০৩ |
| ৯. | ঋণ ও অগ্রিম | ৯৯০.৬০ | ১০০৪.৬১ | ১৪৭৪.৩১ |
| ১০. | স্থায়ী সম্পত্তি | ৮৯৬.১৫ | ৮৮২.৪৭ | ৮৭১.৩৫ |
| ১১. | আমানত-অগ্রিম অনুপাত | ১৬৮.৯২% | ১৪৮.৪৮% | ১৫৫.১২% |
| ১২. | মোট সম্পদ (কন্ট্রাসহ) | ২৮১৪.০৪ | ২৯৬৭.৭৬ | ৩৩৫০.৯৭ |
| ১৩. | মোট সম্পদ (কন্ট্রাবাদে) | ২৭৫১.৮৮ | ২৮৮৪.৭৭ | ৩২৭১.০৫ |
| খ. | ক্যাপিটাল ম্যাট্রিক্স | | | |
| ১৪. | ঝুঁকি ভিত্তিক সম্পদ (ব্যাসেল - ২ ) | ৩৭৮৬.০০ | ৩৫৬৪.৭১ | ৪০৬৯.৩৭ |
| ১৫. | কোর ক্যাপিটাল (টিয়ার - ১) | ৬০৩.২৫ | ৬৫৬.৮৫ | ৭৩৩.০৫ |
| ১৬. | সাপ্লিমেন্টারি ক্যাপিটাল (টিয়ার - ২) | ৪৬০.০০ | ৩৭৩.৩০ | ৩৭৬.৪০ |
| ১৭. | মোট এলিজিবল ক্যাপিটাল | ১০৬৩.২৫ | ১০৩০.১৫ | ১১০৯.৪৫ |
| ১৮. | পরিশোধিত মূলধন এবং বিধিবদ্ধ সংরক্ষণ | ৫০৪.৫৮ | ৫২১.৮০ | ৫৪২.৩৬ |
| ১৯. | মূলধন পর্যাপ্ততা অনুপাত (ব্যাসেল - ২) | ২৮.০৮% | ২৮.৯০% | ২৭.২৬% |
| গ. | এ্যাসেট কোয়ালিটি | | | |
| ২০. | শ্রেণীবিন্যাসিত ঋণ ও অগ্রিম (স্টাফ লোন বাদে) | ৩১০.১৭ | ৩১০.৭০ | ৫৪১.৭৯ |
| ২১. | শ্রেণীবিন্যাসিত ঋণ ও অগ্রিমের শতকরা হিসাব (স্টাফ লোন বাদে) | ৩১.৩১% | ৩৮.২৮% | ৪২.৯৯% |

## বিডিবিএল - এর অগ্রগতির তিন বছর ঃ এক নজরে

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | ২০১০ | ২০১১ | ২০১২ |
|---|---|---|---|---|
| ২২. | শ্রেণীবিন্যাসিত ঋণ ও অগ্রিমের বিপরীতে সঞ্চিতি | ১৩৯.৫৭ | ১৬৪.১১ | ২০৫.২১ |
| ২৩. | অশ্রেণীবিন্যাসিত ঋণ ও অগ্রিমের বিপরীতে সাধারণ সঞ্চিতি | ২৯.০৪ | ১২.৭২ | ১২.১৭ |
| ২৪. | ব্যালেন্স শীট বহির্ভূত আইটেমের উপর সাধারণ সঞ্চিতি | ০.৮৫ | ০.৮৫ | ০.৮৫ |
| ২৫. | অবলোপনকৃত ঋণের পরিমাণ | ২৩৮৭.২৩ | ২১২৬.৪৫ | ১৯৪৬.৭৮ |
| ঘ. | **আয় ও ব্যয় ম্যাট্রিক্স** | | | |
| ২৬. | সুদ আয় | ৭৯.৯৮ | ১২০.৬৮ | ১৫০.৮৪ |
| ২৭. | আমানত ও ঋণের উপর পরিশোধিত সুদ | ১১.৫২ | ৩১.১০ | ৬২.৮৬ |
| ২৮. | ব্যাংক আমানত থেকে আয় | ৩১.৩১ | ৫৫.২৪ | ৫২.৯৬ |
| ২৯. | নীট সুদ আয় | ৬৮.৪৬ | ৮৯.৫৮ | ৮৭.৯৮ |
| ৩০. | বিনিয়োগ ও পুঁজিবাজার কার্যক্রম থেকে আয় | ৮৬.২১ | ৩৬.১৭ | ৪৭.২৩ |
| ৩১. | বি এস আর এস ফার্স্ট মিউচুয়্যাল ফান্ডের উপর প্রদত্ত ডিভিডেন্ড | ৭০% | ১২৫% | ১০০% |
| ৩২. | নন-ফান্ডেড আয় | ২০.০০ | ৩৪.১৭ | ৫৩.৯৬ |
| ৩৩. | মোট পরিচালন আয় | ১৭২.২৫ | ১৫৯.৯২ | ১৮৯.১৭ |
| ৩৪. | প্রশাসনিক এবং পরিচালন ব্যয় | ৮৯.৭৭ | ৭৩.৮১ | ৮৬.৩৭ |
| ৩৫. | করপূর্ব নীট মুনাফা | ৮২.২৪ | ৮৬.১১ | ১০২.৮০ |
| ৩৬. | আয়কর সঞ্চিতি | ১৭.৭৯ | ১৭.৫১ | ১৯.১০ |
| ৩৭. | কর পরবর্তী নীট মুনাফা | ৬৪.৪৫ | ৬৮.৬০ | ৮৩.৭০ |
| ঙ. | **ফরেন এক্সচেঞ্জ বিজনেস** | | | |
| ৩৮. | আমদানি ও রপ্তানি বাণিজ্য | - | ৮৩.২৯ | ৩৫৭.১৮ |

## বিডিবিএল - এর অগ্রগতির তিন বছর ঃ এক নজরে

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | ২০১০ | ২০১১ | ২০১২ |
|---|---|---|---|---|
| চ. | **ডিস্ট্রিবিউশ্‌ন নেটওয়ার্ক** | | | |
| ৩৯. | শেয়ারহোল্ডারদের সংখ্যা | ১০০% রাষ্ট্রীয় মালিকানাধীন | ঐ | ঐ |
| ৪০. | কর্মীদের সংখ্যা | ৭৫৭ | ৮৩৬ | ৮৫৭ |
| ৪১. | ব্রাঞ্চের সংখ্যা | ১৯ | ২১ | ২৪ |
| ছ. | **শেয়ারহোল্ডারস্‌ ইনফরমেশন** | | | |
| ৪২. | সরকারকে পরিশোধিত লভ্যাংশ | ৫.০০ | ৫.০০ | ৭.৫০ |
| ৪৩. | প্রতি শেয়ারভিত্তিক নীট সম্পদ মূল্য (টাকায়) | ৩৯০.৯৩ | ৩৭১.৫৯ | ৩৯২.৪৭ |
| ৪৪. | প্রতি শেয়ারভিত্তিক আয় (টাকায়) | ১৬.১১ | ১৭.১৫ | ২০.৯২ |
| জ. | **আর্থিক নির্দেশক (%)** | | | |
| ৪৫. | নীট সুদ মার্জিন | ৫.৫৮% | ৬.৪৯% | ৬.১৫% |
| ৪৬. | সম্পদের উপর নীট পরিচালন আয়ের হার | ৩.০০% | ২.৯৮% | ৩.১৪% |
| ৪৭. | তহবিল ব্যয় (%) | ৮.৯১% | ৮.০৪% | ১০.১২% |
| ৪৮. | আয় - ব্যয় অনুপাত | ৫৫.১২% | ৫৪.৯২% | ৫৯.২১% |
| ৪৯. | সম্পদের উপর আয় হার | ২.৩৪% | ২.৩৮% | ২.৫৬% |
| ৫০. | বিনিয়োগের উপর আয় হার | ৫২.৭৫% | ১২.৮২% | ১৪.৬২% |
| ৫১. | সম - মূলধনের উপর আয়ের হার | ৪.১২% | ৪.৬১% | ৬.৫৪% |

### বাজেট এবং বাজেটারী নিয়ন্ত্রণ

ব্যাংকের বাজেট ডিপার্টমেন্ট বাজেট প্রস্তুত এবং বাজেট নিয়ন্ত্রনমূলক কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত। ব্যাংক বটম-আপ পরিকল্পনা অনুসরণ করে বার্ষিক বাজেট প্রস্তুত করে যেখানে প্রাথমিকভাবে ব্রাঞ্চগুলো থেকে বিভিন্ন বাজেটারী আইটেম যথা - আমানত, অগ্রিম, লাভজনকতা এবং অন্যান্য ব্যবসা / পণ্যের উপর খসড়া প্রস্তাব আহবান করা হয়। বাজেট কমিটি কর্তৃক খসড়া বাজেট প্রাক্কলন পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা এবং বিশ্লেষণপূর্বক তা স্ব স্ব ব্রাঞ্চ হেডের সাথে আলোচনার পর চূড়ান্ত করা হয়। পরিচালনা পর্ষদের অনুমোদনের পর ব্যাংকের বাজেট বাস্তবায়ন করা হয়। ব্যাংকের বাৎসরিক ব্যবসায়িক পরিকল্পনা বাজেট প্রাক্কলনের সাথে সামঞ্জস্য রেখে প্রস্তুত করা হয়।

ব্যাংক ব্যবস্থাপনা বাজেটারী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বছরব্যাপী অবিরাম প্রচেষ্টা চালিয়ে যায়। বাজেটারী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ত্রৈমাসিকভাবে ব্যাংক এর পরিবর্তন এবং অগ্রগতির উপর পর্যালোচনা করে থাকে।

## বাজেট এবং এর অগ্রগতি

২০১১ এবং ২০১২ সালে ব্যাংকের প্রাক্কলিত বাজেট এবং এর প্রকৃত অগ্রগতির অবস্থা নিম্নে উল্লেখ করা হল ঃ-

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০১১ | প্রকৃত ২০১১ | বাজেট ২০১২ | প্রকৃত ২০১২ |
|---|---|---|---|---|---|
| ১. | সুদ আয় | ১১৫.০০ | ১২০.৬৮ | ১৬০.১৬ | ১৫০.৮৪ |
| ২. | সুদ ব্যয় | ৩২.৬৫ | ৩১.১০ | ৬৪.৬০ | ৬২.৮৬ |
| ৩. | সুদ মার্জিন (১-২) | ৮২.৩৫ | ৮৯.৫৮ | ৯৫.৫৬ | ৮৭.৯৮ |
| ৪. | অন্যান্য আয়সহ বিনিয়োগ আয় | ৯১.৭৬ | ৭০.৩৪ | ১১৩.৮১ | ১০১.১৯ |
| **৫.** | **মোট পরিচালন আয় (৩+৪)** | **১৭৪.১১** | **১৫৯.৯২** | **২০৯.৩৭** | **১৮৯.১৭** |
| ৬. | বেতন এবং ভাতাদি | ৬৯.০১ | ৫৪.৬৭ | ৭২.৪৩ | ৬৬.০৮ |
| ৭. | স্থির ব্যয় | ৪.৪৫ | ৪.৮৬ | ৬.৪৫ | ৫.৯০ |
| ৮. | পরিবর্তনশীল ব্যয় | ১৫.৬০ | ১৪.২৮ | ১৫.৪৯ | ১৪.৪০ |
| **৯.** | **মোট পরিচালন ব্যয় (৬+৭+৮)** | **৮৯.০৬** | **৭৩.৮১** | **৯৪.৩৭** | **৮৬.৩৭** |
| **১০.** | **প্রভিশনপূর্বক মোট মুনাফা (৫-৯)** | **৮৫.০৫** | **৮৬.১১** | **১১৫.০০** | **১০২.৮০** |

## অর্থনৈতিক ফলাফল প্রতিবেদন

পণ্য ও সেবার উৎপাদন, বন্টন এবং ভোগ হচ্ছে অর্থনৈতিক ব্যবস্থার অবিচ্ছেদ্য উপাদান। একটি কোম্পানী সমাজে কতটুকু মূল্য সংযোজন করে তা অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণের মাধ্যমে বের করার চেষ্টা করা হয়। অর্থনৈতিক ফলাফলকে দু'টি বৃহৎ ভাগে শ্রেণীবিভক্ত করা যেতে পারে ঃ- ১. প্রত্যক্ষ এবং ২. পরোক্ষ। কোন কোম্পানীর আর্থিক লেনদেন থেকে অর্জিত অর্থনৈতিক ফলাফল হচ্ছে প্রত্যক্ষ প্রভাব। অন্যদিকে, কোম্পানীর কার্যক্রম অথবা পণ্য ও সেবা উৎপাদনের মাধ্যমে সৃষ্ট অর্থনৈতিক ফলাফল হচ্ছে পরোক্ষ প্রভাব।

জাতীয় অর্থনীতিতে ব্যাংকের প্রত্যক্ষ অবদান হচ্ছে ঃ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, সরকারের পক্ষ থেকে কর সংগ্রহ, কমিউনিটির সদস্যদের মধ্যে সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা। অন্যদিকে, পরোক্ষ অবদান হচ্ছে ঃ ঋণদানের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নতি এবং পরিবেশগত ভারসাম্য রক্ষা করা।

দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখার প্রত্যয় নিয়ে ব্যাংক আর্থিক সেবা-সুবিধাদি প্রদানের মাধ্যমে মূল্য সংযোজন করছে। নৈতিক এবং ন্যায়সঙ্গত উপায়ে সকল স্টেকহোল্ডারদের জন্য ধারাবাহিকভাবে মূল্য সংযোজন সৃষ্টির লক্ষ্যে ব্যাংক সদা সতর্ক।

## মূল্য সংযোজন বিবরণ

মূল্য সংযোজনের অর্থ হচ্ছে ব্যাংক কর্তৃক বিভিন্ন ব্যাংকিং ব্যবসা পরিচালনার মাধ্যমে সম্পদ সৃষ্টি। মূল্য সংযোজন বিবরণে ব্যাংকের সৃষ্ট মোট সম্পদের উল্লেখ থাকে। এছাড়া, মোট সম্পদ সৃষ্টি এবং তা দিয়ে নির্দিষ্ট দায় মেটানো, সম্পদ সৃষ্টির জন্য পুরস্কার প্রদান এবং ব্যাংকের কার্যক্রম চলমান ও বিস্তৃতকরণের জন্য অর্থ বন্টনের চিত্র মূল্য সংযোজন বিবরণীতে দেখানো হয়। বিডিবিএল-এর মূল্য সংযোজন বিবরণীতে সম্পদ সৃষ্টি এবং তা ব্যাংকের বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে বন্টনের চিত্র তুলে ধরা হয়।

২০১১ এবং ২০১২ সালে বিডিবিএল - এর মূল্য সংযোজন বিবরণ নিম্নরূপ ঃ-

(কোটি টাকায়)

| তহবিলের উৎস | ২০১২ | ২০১১ | পরিবর্তনের হার |
|---|---|---|---|
| সেবা এবং অন্যান্য কার্যক্রম থেকে উৎসারিত আয় | ২৩৩.৮১ | ১৭৮.২৪ | ৩১.১৮% |
| (-) সেবা এবং আনুষাঙ্গিক ব্যয় | ৮০.৩৮ | ৪৮.১৮ | ৬৬.৮৩% |
| মূল্য সংযোজন | ১৫৩.৪৩ | ১৩০.০৬ | ১৭.৯৭% |
| অন্যান্য আয় | ১৮.২৩ | ১২.৭৮ | ৪২.৬৪% |
| **মোট মূল্য সংযোজন** | **১৭১.৬৬** | **১৪২.৮৪** | **২০.১৮%** |
| **নিম্নোক্তভাবে বন্টনকৃত ঃ**<br>**অফিসার ও স্টাফদের জন্য** | | | |
| বেতন ভাতা এবং অন্যান্য সুবিধাদি | ৩৭.৬৬ | ৩৪.৪৮ | ৯.২২% |
| অবসর সুবিধা স্কীমে দান | ২৮.৪২ | ২০.১৯ | ৪০.৭৬% |
| **সরকারের জন্য** | | | |
| আয়কর | ১৯.১০ | ১৭.৫১ | ৯.০৮% |
| **মূলধন সরবরাহকারীর জন্য** | | | |
| সরকারকে প্রদেয় ডিভিডেন্ড | ৭.৫০ | ৫.০০ | ৫০% |
| **ব্যাংক কর্তৃক রক্ষিত** | | | |
| লোনের বিপরীতে প্রভিশন হিসেবে | ০ | ০ | ০ |
| অবচয় হিসেবে | ২.৭৮ | ২.০৬ | ৩৪.৯৫% |
| রিজার্ভ হিসেবে | ৭৬.০৬ | ৬৩.২২ | ২০.৩১% |
| অবন্টিত মুনাফা হিসেবে | ০.১৪ | ০.৩৮ | (৬৩.১৬%) |
| **মোট মূল্য সংযোজন** | **১৭১.৬৬** | **১৪২.৮৪** | **২০.১৮%** |

## মূলধন পর্যাপ্ততা অনুপাত

একটি ব্যাংকের আর্থিক সামর্থ্য এবং এর ধারাবাহিকতা মূলধন পর্যাপ্ততা অনুপাতের মাধ্যমে পরিমাপ করা হয়। মূলধন পর্যাপ্ততা অনুপাত যথাসময়ে দায় এবং অন্যান্য ঝুঁকি যথা- ঋণ ঝুঁকি, পরিচালন ঝুঁকি ইত্যাদি মেটানোর সক্ষমতা নির্ধারণ করে। ব্যাংকের মূলধন হচ্ছে সম্ভাব্য আর্থিক ক্ষতি রোধের রক্ষাকবচ যা, আমানতকারী এবং ঋণগ্রহীতাদের স্বার্থ সংরক্ষণ করে। এ লক্ষ্যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক মূলধন পর্যাপ্ততা অনুপাতকে ব্যাংকিং ব্যবস্থায় আমানতকারীদের স্বার্থ সংরক্ষণ এবং আস্থা বৃদ্ধির জন্য বিশেষ কৌশল হিসেবে ব্যবহৃত হয়। ব্যাংকের দৈনন্দিন ব্যবসায়িক কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে, সম্পদ অর্জন এবং দায় সৃষ্টির সাথে সাথে স্থিতিপত্রের আকারও বৃদ্ধি পাচ্ছে। সম্পদ এবং দায়ের উল্লেখযোগ্য অংশ অগ্রিম এবং আমানতের মধ্যে অন্তর্ভুক্ত থাকে।

অতএব, ব্যাংকের সক্ষমতার অতিরিক্ত কার্যক্রম প্রতিরোধের লক্ষ্যে পুঁজি নিয়ন্ত্রণ প্রয়োজনীয়তা অত্যাবশ্যক হয়ে পড়েছে। একই সময়ে, সম্পদ থেকে উৎসারিত আয় বৃদ্ধির জন্য ব্যাংক প্রবৃদ্ধি লিভারেজ করতে পারে। সুতরাং, কাঙ্খিত মূলধন পর্যাপ্ততা অনুপাত বজায় রাখা সুস্থ এবং টেকসই ব্যাংকিং ব্যবস্থা নিশ্চিত করে যা নিঃসন্দেহে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখে।

একটি নতুন ব্যাংক হিসেবে বিডিবিএল মূলধন পর্যাপ্ততা অনুপাত ২৭.২৬ শতাংশ সংরক্ষণ করেছে, যা প্রয়োজনীয় মূলধনের তুলনায় ৭০২.৫১ কোটি টাকা উদ্বৃত্ত প্রদর্শন করছে। এর বিস্তারিত বিবরণ বার্ষিক হিসাবের ১৩.১ নম্বর টিকাতে অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে (মূলধন পর্যাপ্ততা অনুপাত-সি এ আর)।

## ক্রেডিট রেটিং রিপোর্ট

বাংলাদেশ ব্যাংকের পরিপত্র অনুক্রমে বিডিবিএল - এর ক্রেডিট রেটিং মূল্যয়নের জন্য ব্যাংক কর্তৃক ক্রেডিট রেটিং ইনফরমেশন এন্ড সার্ভিসেস লিমিটেড (CRISL) - কে নিযুক্ত করা হয়েছে।

২০১২ সালে ব্যাংকের ক্রেডিট রেটিং নিম্নরূপ ঃ-

CRISL কর্তৃক প্রদত্ত ক্রেডিট রেটিং

| Description | Long Term | Short Term |
|---|---|---|
| As Govt. Supported Entity | AAA | ST - 1 |
| As Stand –alone Commercial Bank | A- | ST - 2 |
| Outlook | Stab le | |
| Date of Rating | September 10, 2013 | |

AAA সর্বোচ্চ নিরাপত্তা নির্দেশ করছে। ব্যাংকগুলোকে এই শ্রেণীতে মূল্যায়ন করার অর্থ হচ্ছে ব্যাংকগুলো গুণগত মানসম্পন্ন এবং এদের ঋণের গুণগতমান ও নিরাপত্তা সর্বোচ্চ রয়েছে।

A- পর্যাপ্ত নিরাপত্তা নির্দেশ করছে। এই শ্রেণীতে বিভক্তকরণের অর্থ হচ্ছে ব্যাংকগুলোর আর্থিক দায় যথাসময়ে পরিশোধের যথার্থ নিরাপত্তা রয়েছে।

ST-1 সর্বোচ্চ মান নির্দেশ করছে এবং এর অর্থ হচ্ছে নির্ধারিত সময়ে পরিশোধের সর্বোচ্চ নিরাপত্তা।

ST-2 উচ্চ মান নির্দেশ করছে। এর অর্থ হচ্ছে নির্ধারিত সময়ে পরিশোধের উচ্চ নিরাপত্তা, তারল্যের উপাদানসমূহ শক্তিশালী এবং মৌলিক নিরাপত্তা উপাদান দ্বারা পরিবেষ্টিত।

CRISL কর্তৃক ব্যাংকের রেটিং - এর সংখ্যাগত এবং গুনগতমান বিশ্লেষণের জন্য নিম্নেবর্ণিত উপাদানসমূহ বিবেচনা করা হয়েছে ঃ-

| ক) | সংখ্যাগত বিষয়বলী | খ) | গুনগত বিষয়বলী |
|---|---|---|---|
| ১) | মূলধন পর্যাপ্ততা | ১) | সরকারী আনুকূল্য |
| ২) | সম্পদের গুনগতমান | ২) | মালিকানা |
| ৩) | তহবিল ও লিভারেজ | ৩) | ব্যবস্থাপনার গুনগতমান |
| ৪) | তারল্যের প্রয়োজনীয়তা | ৪) | ঝুঁকি ব্যবস্থাপনা |
| ৫) | গুনগত আয় | ৫) | বিধিবদ্ধ সংরক্ষণ পরিপালন |
| ৬) | বাজার সংবেদনশীলতা | ৬) | হিসাব নিকাশের গুনগতমান |
| | | ৭) | বাজারের আওতা ও পরিধি |

## ২০১২ সালে ব্রাঞ্চের নেটওয়ার্ক সম্প্রসারণ

২০১০ সালের ৩ জানুয়ারি বিডিবিএল ১৭টি ব্রাঞ্চ, ৪টি জোন এবং হেড অফিসের ২১ টি ডিপার্টমেন্ট নিয়ে যাত্রা শুরু করে। কিন্তু ব্যাংকিং কার্যক্রম আরো সম্প্রসারণের লক্ষ্যে পরিচালনা পর্ষদ ১০২৫ জনবল, ৬টি নতুন ডিপার্টমেন্ট এবং ১৫টি নতুন ব্রাঞ্চের সমন্বয়ে একটি নতুন অর্গানোগ্রাম অনুমোদন করে। এই সময়ের মধ্যে ব্যাংক প্রশাসনিক এবং পরিচালন কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির জন্য ৬টি নতুন ডিপার্টমেন্ট গঠন করে, যথা ঃ (১) এস এম ই ডিপার্টমেন্ট ; (২) রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট ; (৩) বাজেট ডিপার্টমেন্ট ; (৪) জেনারেল এ্যাডভান্সেস ডিপার্টমেন্ট; (৫) বিজনেস ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং ডিপার্টমেন্ট ; এবং (৬) রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট। তাছাড়া, গ্রাহকদের ব্যাংকিং সেবাগ্রহণ সহজলভ্যকরণের লক্ষ্যে এ পর্যন্ত ৯টি নতুন ব্রাঞ্চ চালু করা হয়েছে। এভাবে, এ পর্যন্ত ৪টি জোনাল অফিসের আওতায় মোট ব্রাঞ্চের সংখ্যা দাঁড়িয়েছে ২৬টি। ডিসেম্বর, ২০১৩ সালের মধ্যে অর্থনৈতিক এবং বাণিজ্যিক সম্ভাবনার কথা বিবেচনা করে দেশের বিভিন্ন বাণিজ্যিক এবং ভৌগলিকভাবে গুরুত্বপূর্ণ স্থানে আরো ১৫টি ব্রাঞ্চ চালুর পরিকল্পনা রয়েছে। জনমুখী ব্যাংকিং - এর অংশ হিসেবে বিডিবিএল - এর কৌশল হচ্ছে ঃ প্রযুক্তিনির্ভর সার্বিক ব্যাংকিং সেবাদি পরিমিত মূল্যে সহজলভ্যকরণের মাধ্যমে গ্রাহক / উদ্যোক্তাদের দ্বারে পৌছানো।

## মানবসম্পদ (এইচ আর)

বিডিবিএল ১০২৫ জনের একটি কাঙ্ক্ষিত এবং সময়োপযোগী অর্গানোগ্রাম অনুমোদন করেছে। এটা বলার অপেক্ষা রাখে না যে, কোন প্রতিষ্ঠানের বিশেষ করে ব্যাংকের সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ হলো মানবসম্পদ। ৩১-১২-২০১২ তারিখ পর্যন্ত ব্যাংকের মোট জনবল ছিল ৮৫৭ জন। এর মধ্যে বিভিন্ন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন অফিসার এবং স্টাফদের সংখ্যা নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | বিভাগ/ক্ষেত্র | সংখ্যা |
|---|---|---|
| ১. | এ্যাকাউন্টট্যান্টস | ০২ |
| ২. | আইনবিদ | ১৫ |
| ৩. | অর্থনীতিবিদ | ৫১ |
| ৪. | প্রকৌশলী | ৩২ |
| ৫. | এমবিএ/ফিন্যান্সিয়াল এ্যানালিস্ট | ১৩১ |
| ৬. | পরিসংখ্যানবিদ | ১৫ |
| ৭. | সিনিয়র অফিসার (আইটি) | ২৪ |
| ৮. | অন্যান্য অফিসার | ৩৩৩ |
| ৯. | স্টাফ | ২৫৪ |
| | মোট ঃ | ৮৫৭ |